আরও চাকরির খবর
ভেতরের পাতায়
কর্মক্ষেত্র
তথ্যভাণ্ডার ...পৃঃ ৪

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

ডব্লু বি সি এস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৬ সংখ্যা ৪৩ কলকাতা বুধবার, ২০ মে ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

# ভারতীয় রেলে ১১১২৭

## অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

**শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে নির্দিষ্ট ট্রেডে আইটিআই বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ।**

দেশ জুড়ে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদে ১১,১২৭ জনকে নেবে ভারতীয় রেল। দেশের ২০টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড (আরআরবি) এই নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণ করছে। এর মধ্যে এ রাজ্যের আরআরবিগুলি হল কলকাতা, মালদা ও শিলিগুড়ি। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: 01/2026.

আরআরবি ও জোন অনুসারে শূন্যপদের বিন্যাস: কলকাতা (দক্ষিণ-পূর্ব রেল): ৪৯৭টি (সাধারণ ২৮০, তফসিলি জাতি ১০১, তফসিলি উপজাতি ৫২, ওবিসি ৪০, আর্থিক ভাবে অনগ্রসর ২৪)। এর মধ্যে ৫০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। কলকাতা (পূর্ব রেল): ৩৪৪টি (সাধারণ ১৩৫, তফসিলি জাতি ৫৩, তফসিলি উপজাতি ৩৫, ওবিসি ৮৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩২)। এর মধ্যে ৩৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। মালদা (পূর্ব রেল): ২৭০টি (সাধারণ ১০৯, তফসিলি জাতি ৪১, তফসিলি উপজাতি ২০, ওবিসি ৭৩, আর্থিক ভাবে অনগ্রসর ২৭)। এর মধ্যে ২৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। মালদা (দক্ষিণ-পূর্ব রেল): ২৮৯টি (সাধারণ ১১৭, তফসিলি জাতি ৪৩, তফসিলি উপজাতি ২২, ওবিসি ৭৮, আর্থিক ভাবে অনগ্রসর ২৯)। এর মধ্যে ২৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিলিগুড়ি (উত্তর সীমান্ত রেল): ৬০০টি (সাধারণ ২৪৩, তফসিলি জাতি ৯০, তফসিলি উপজাতি ৪৬, ওবিসি ১৬১, আর্থিক ভাবে অনগ্রসর ৬০)। এর মধ্যে

*এরপর চারের পাতায়*

# রেলে ৬৫৬৫

## টেকনিশিয়ান

টেকনিশিয়ান গ্রেড-১ (সিগনাল) ও টেকনিশিয়ান গ্রেড-থ্রি পদে ৬,৫৬৫ জনকে নেবে ভারতীয় রেল। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর : 02/2026.

শূন্যপদের বিবরণ: টেকনিশিয়ান গ্রেড-১ (সিগনাল): ৩২৩টি. টেকনিশিয়ান গ্রেড-৩: ৬,২৪২টি।

আবেদনের যোগ্যতা: টেকনিশিয়ান গ্রেড-১ (সিগনাল) পদের ক্ষেত্রে সাধারণত ফিজিক্স, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি এবং ইনস্ট্রুমেন্টেশনে স্নাতক ডিগ্রি থাকলে আবেদন করা যায়। উল্লিখিত বিষয়গুলির কম্বিনেশনে বি এসসি ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। টেকনিশিয়ান গ্রেড-৩-এর ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এনসিভিটি স্বীকৃত আইটিআই বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ করে থাকলে আবেদন করা যায়।

বয়স: ১-৭-২০২৬ তারিখে গ্রেড-১-এর ক্ষেত্রে ১৮ থেকে ৩৩ ও গ্রেড-৩-

*এরপর দুয়ের পাতায়*

# পুলিশে ২০ হাজার চাকরি: মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি:** ৬ মাস থেকে ১ বছরের মধ্যে রাজ্যে ২০ হাজার পুলিশকর্মী নিয়োগের লক্ষ্য রয়েছে সরকারের। ১৬ মে ডায়মন্ড হারবারে আয়োজিত এক প্রশাসনিক বৈঠকে এ কথা জানিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

১ বছরের মধ্যে পর্যায়ক্রমে কনস্টেবল ও লেডি কনস্টেবল এবং সাব-ইনস্পেক্টর ও লেডি সাব-ইনস্পেক্টর পদে নিয়োগের সম্ভাবনা রয়েছে বলে মনে করা হচ্ছে।

# দক্ষিণ পূর্ব মধ্য রেলে ১১৭৪ অ্যাপ্রেন্টিস

১,১৭৪ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে দক্ষিণ পূর্ব মধ্য রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার-সহ বিভিন্ন ট্রেডে, বিলাসপুর ডিভিশনে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: P/BSP/Rectt./Act.App./2026-27/E-176508

ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: **কার্পেন্টার:** ৩৮টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৪টি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য ২টি আসন সংরক্ষিত। **কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট (কোপা):** ৩৫০টি (সাধারণ ১৪২, তফসিলি জাতি ৫৩, তফসিলি উপজাতি ২৬, ওবিসি ৯৪, আর্থিক ভাবে অনগ্রসর ৩৫)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৩৫টি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য ১৪টি আসন সংরক্ষিত। **ড্রাফটসম্যান (সিভিল):** ১২টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসব ১)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীর জন্য ১টি আসন সংরক্ষিত। **ইলেক্ট্রিশিয়ান:** ২০৬টি (সাধারণ ৮৩, তফসিলি জাতি ৩১, তফসিলি উপজাতি ১৫, ওবিসি ৫৬, আর্থিক ভাবে অনগ্রসর ২১)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ২১টি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য ৮টি আসন সংরক্ষিত। **ইলেক্ট্রনিক মেকানিক:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **ফিটার:** ২২৩টি (সাধারণ ৯০, তফসিলি জাতি ৩৪, তফসিলি

*এরপর চারের পাতায়*

# ন্যালকোয় ২৬৫

সুপারিন্টেন্ডেন্ট, অপারেটর, জুনিয়র ফোরম্যান, টেকনিশিয়ান-সহ বিবিধ পদে ২৬৫ জনকে নেবে ন্যাশনাল অ্যালুমিনিয়াম কোম্পানি (ন্যালকো)। এটি কেন্দ্রের খনি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীদের নিয়োগ করা হবে ওড়িশার কোরাপুট জেলার দমনজোড়ি সেক্টরের এম অ্যান্ড আর কমপ্লেক্স এবং আঙ্গুল জেলার এস অ্যান্ড পি কমপ্লেক্সে। সুপারিন্টেন্ডেন্ট পদের ক্ষেত্রে দু'দফায় মোট ৩০ মাসের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। প্রার্থীর অবশ্যই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের বৈধ কার্ড থাকতে হবে।

শূন্যপদের বিবরণ: অপারেটর (হেভি আর্থ মুভিং মেশিনারি) গ্রেড থ্রি: ৬টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে মেকানিক মোটর ভেহিক্যল ট্রেডে ২ বছরের বা ডিজেল মেকানিক ট্রেডে ১ বছরের এনসিভিটি বা এনসিভিইটি স্বীকৃত আইটিআই-সহ অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। এ ছাড়া সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

*এরপর দুয়ের পাতায়*

# বিমানবাহিনীতে ১৪২ অফিসার

ট্রেনিং দিয়ে ফ্লাইং এবং গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) শাখায় ১৪২ জন কমিশন্ড অফিসার নিয়োগ করবে ভারতীয় বিমানবাহিনী। পাশাপাশি এনসিসি স্পেশ্যাল এন্ট্রির মাধ্যমেও ফ্লাইং শাখায় কিছু তরুণ-তরুণীকে কমিশন্ড অফিসার পদে নেওয়া হবে। প্রার্থী বাছাই করা হবে এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্টের মাধ্যমে। প্রশিক্ষণ শুরু ২০২৭-এর জুলাইতে।

এএফসিএটি এন্ট্রির মাধ্যমে

*এরপর তিনের পাতায়*

# নিউক্লিয়ার পাওয়ারে ২৫৫

## স্টাইপেন্ডারি ট্রেনি

ট্রেনিং দিয়ে ২৫৫ জন তরুণ-তরুণীকে নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। আইটিআইয়ের বিভিন্ন ট্রেডে ২ বছরের ট্রেনিং দেওয়া হবে কুড়ানকুলাম নিউক্লিয়ার পাওয়ার প্রোজেক্টে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে টেকনিশিয়ান 'বি' পদে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: NPCIL/KKNPP/HRM/01/2026.

ক্যাটেগরি ও ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: ক্যাটেগরি-টু স্টাইপেন্ডারি ট্রেনি টেকনিশিয়ান: প্লান্ট অপারেটর ১৩৬টি (সাধারণ ৪৮, তফসিলি জাতি ৩৩, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৪১, আর্থিক ভাবে অনগ্রসর ১১)।

ইলেক্ট্রনিক্স মেকানিক ১৫টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৪, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

*এরপর তিনের পাতায়*

# স্টেট ব্যাঙ্কে ১০০ অফিসার

ট্রেড ফিনান্স অফিসার পদে ১০০ জনকে নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল টু-য়ে। প্রবেশনের মেয়াদ ৬ মাস। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/SCO/2026-27/05.

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিবরণ: সাধারণ ৩৮, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ১৮, ওবিসি ২২, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। এর

*এরপর চারের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




স্বনির্ভরতার সন্ধান

# ফিনাইলের ব্যবসা উপার্জনের দিশা দেখাচ্ছে

**জীবাণু প্রতিশোধক হিসেবে ফিনাইলের ব্যবহার সর্বত্র। ব্যবসা করার মানসিকতা ও কঠোর পরিশ্রম করার ইচ্ছা থাকলে ফিনাইল তৈরি করে ভালো উপার্জন করা সম্ভব।**



**নিজস্ব প্রতিনিধি:** জীবাণু প্রতিশোধক ফিনাইল ঘরে, বাথরুমে, দোকানে, বাজারে সর্বত্র ব্যবহার করা হয়। পাশাপাশি ঘরের মেঝে পরিষ্কারের জন্য ফ্লোর ক্লিনার এখন সর্বত্র ব্যবহার হয়। ব্লিচিং পাউডার, কার্বলিক অ্যাসিডেরও নিয়মিত ব্যবহার হয় বাগানে, উঠোনে, নালা-নর্দমায়। হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র, স্কুল, কলেজ, অফিস, স্টেশন, হোটেল, রেস্তোরাঁ ইত্যাদি দেশের সর্বত্র এগুলির প্রতিনিয়ত প্রয়োজন হচ্ছে, তাই চাহিদাও তুঙ্গে। এগুলির ব্যবসা অবশ্যই লাভের মুখ দেখাবে। ব্যবসার অভিজ্ঞতা না থাকলে প্রথমে ছোট করে এই ব্যবসা শুরু করা যেতে পারে। ছোট জায়গাতেই, বিশেষ করে বাড়িতেই শুরু করতে পারেন ফিনাইল তৈরি। এর জন্য বিশেষ লোকবলের দরকার পড়ে না। একটি মেশিন দরকার হয়, যার দাম মোটামুটি ৬০ হাজারের মধ্যে। তবে ব্যবসা শুরু করার আগে প্রয়োজন প্রশিক্ষণ এবং লাইসেন্স।

জীবাণুমুক্ত থাকার জন্য ফিনাইল, ফ্লোর ক্লিনারের চাহিদা সব সময়ই আছে। এই জিনিসগুলো শহরাঞ্চলে সহজেই পাওয়া যায়, কিন্তু প্রত্যন্ত গ্রামে বা মফস্সলে যেখানে দোকান বেশি নেই, এই সব জিনিস কিনতে হলে শহরে আসতে হয়, সেক্ষেত্রে গ্রাম বা মফস্সলে এই সব দ্রব্য ডোর টু ডোর বা দোকানে বিক্রি করে ভালো ব্যবসা করতে পারবেন। এর জন্য অবশ্যই ব্যবসা করার মানসিকতা ও পরিশ্রম করার ইচ্ছে থাকা চাই। আপনার তৈরি ফিনাইল সম্পর্কে প্রথমে পরিচিত বন্ধুবান্ধবকে জানান। তাঁদের কাছ থেকে ফিডব্যাক নিয়ে ধীরে ধীরে বিভিন্ন দোকান, হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র, অফিস, মল

*এরপর তিনের পাতায়*

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**Wanted 2-5yrs exp Mech Engg/** Tech for Fabrication/ Mech Workshop at Simurali, Nadia. Salary: 25-35k pm + ESI. Whatsapp-98313-16598.

□

**Retd Govt/ Prt/ Bank/ রেল/** ব্যবসায়ীদের (40-70) Part/Full Time জব Big Indian Co. Kol. আয় + PF + Med. ভরসা + বিশ্বাস নিয়ে কথা বলুন। চন্দ-90075-10903.

□

**Wanted hard working, honest** Salesman for Electronic goods store New Sadana Store at Chandni Chowk, Salary between 7-8 K. 79807-07229.

□

**সোনা রুপার দোকানে কাজ জানা** কাউন্টার সেলসম্যান চাই (পুরুষ)। কোলকাতার নিকটতম হওয়া প্রয়োজন। বয়স 40 বৎসরের মধ্যে দরকার। ঠিকানা- AE-336, সল্টলেক সিটি, সেক্টর-1, কোলকাতা-700064, কোয়ালিটি বাস-স্টপেজ-এর কাছে, M- 98311-85454.

□

**Wanted Sales & Back Office** Representative knowing Computer & Correspondance, Outgoing work for Lifting Material Handling Equipment; Dealer & OEM, near N.S. Rd, Kol-1. E.Mail- worksak123@gmail.com

□

**Howrah অফিসের কাজে H.S + 12** জন মহিলা ও 20 জন পুরুষ চাই। Age: 23-48, Salary: 18,000/-, Call: 91632-84225.

□

**TV রিপেয়ারিং-এর কাজ জানা অভিজ্ঞ** ছেলে প্রয়োজন পশ্চিমবঙ্গের বাইরে কাজ। Only Whatsapp: 90380-88773.

### কর্মখালি

**A CISCE Affiliated School near** Kanchrapara requires experienced PGT Teachers for Chemistry and English. English Medium background preferred. Apply to rekroot.teach@gmail.com

□

**রাবার ফ্যাক্টরি চালাবার জন্য দক্ষতাসম্পন্ন** ম্যানেজার দরকার। গ্র্যাজুয়েট বাঞ্ছনীয়। প্রত্যাশিত বেতন-সহ আবেদন করুন। phoenixrubberworks@gmail.com

□

**দমদমে ছোট পরিবারে রান্নাসহ ঘরের** কাজের সর্বক্ষণের জন্য পিছুটানহীন অনুর্ধ্বা 45 মহিলা চাই। বেতন মাসিক 9000/- টাকা। যোগাযোগ-82406-05293

□

**নামী কোং-তে স্থায়ী/ অস্থায়ী ম্যানেজার** পদে নিয়োগ। প্রচুর আয় + অন্যান্য বেনিফিট্স্। বয়স 21-64, HS. M/F, গৃহবধূ/ অবসরপ্রাপ্ত/ বীমা কার্যকর্তা Call- 85858-82303.

□

**Security & Housekeeping Based** Co. Required 1. Sales Executive (M/F) 5 Yrs. expd., 2. Field operation Executive (Security/ House-keeping), 3. Manpower recruitment executive, 4. Office Peon (M), 5. Accountant- 5 yrs. Expd., Office at Belur, crsfacilityprivatelimited@gmail.com, 90514-18015/ 82748-92859 (11 to 6pm)

□

**Walk In Interview in Banking** Sector for Team Leader/ Mngr post. Retd Govt/Bank/Rly/Army/ Teacher. Salary + Bonus. Shilpa-89107-48313.

□

**কলকাতার বিখ্যাত মিষ্টান্ন প্রতিষ্ঠানে** কারিগর, কুক (হোটেল/ রেস্টুরেন্ট /ক্যাটারিং) ও রান্নার ঠাকুর চাই। কারিগর ও কুক সাপ্লাই করলে তাকেও উপযুক্ত পুরস্কৃত করা হবে। M : 97486-23659/ 83350-06595.

□

### কর্মখালি

**Bank/রেল/গৃহবধূ/গভঃ Retd/VRS** -দের সম্মানের সাথে কাজের সুযোগ ফুল/পার্ট টাইমে Age 20-65 HS+ আয় 30K + PF + ESI & Others অফিসিয়াল জব: 99037-48034.

□

**Required National Electrical** licence holder Supervisor for Electrical Company. Age Limit 50-55. Location- Kolkata. Salary: Negotiable. Mob- 91230-71272.

□

**শিয়ালদহ বৌবাজারের রেপুটেড** জুয়েলারী শোরুমে স্মার্ট (বয়স 37 এর মধ্যে) সেলসম্যান, সেলসগার্ল প্রয়োজন। M-92392-13008.

□

**Project BOOKS.COM@ Part Time** স্বগৃহে বই দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ/স্মার্ট ফোনে টাইপ করে 5 দিনে 5K- মাসে 30K আয়। 85858-19609.

□

**ব্যারাকপুর অফিসে বসে কাজ। HS/BA+** বয়স (25-65) আয় 35K+, RETD, VRS, BANK রেল ব্যবসায়ী ARMY টিচার ফ্রেসার ও গৃহবধূ নিয়োগ, নো টার্গেট 99036-40452.

□

**Wanted Exp Receptionist,** Phlebotomist, Delivery Boy with 2 wheeler and Marketing executive for a NABL Pathology Lab at South Kolkata. M-70032-32505/ 94337-77578.

□

**দক্ষিণ কলিকাতার নামী কোম্পানির** অফিসে HS+ (বয়স 25-65) রিটায়ার্ড, VRS, Rail, ব্যবসায়ী, গৃহবধূ পার্ট/ফুল টাইমে নিয়োগ। M- 94333-17938/ 90513-21927.

□

**24 ঘণ্টার জন্য সম্পূর্ণ পিছুটানহীন 45** বছরের নীচে, সংসারের সব ঘরোয়া কাজের জন্য মহিলা দরকার। মাহিনা- 13K+ থাকা, খাওয়া। 96740-04084.

□

### কর্মখালি

**Require experienced Sales person** at renowned Jewellery Shop in South Kolkata. Email Biodata bbdjewel@yahoo.co.in or Whats app: 87772-60154.

□

**Required waiters for a cafe at** multiple locations in Kolkata. Salary: 10000 pm + food + stay + bonus. Whatsapp or Call: 62915-91115.

□

**কলকাতার একটি অগ্রণী ফার্মাসিউটিক্যাল** ম্যানুফ্যাকচারিং ইউনিটের জন্য সিকিউরিটি গার্ড প্রয়োজন। যোগ্যতা: ন্যূনতম মাধ্যমিক পাশ। সুশৃঙ্খল এবং সবরকম নেশামুক্ত হওয়া আবশ্যিক। অভিজ্ঞতা: ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটিতে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। সুযোগ-সুবিধা: আকর্ষণীয় বেতন + PF + ESI + বোনাস। নথিপত্র: আধার কার্ড এবং ভোটার কার্ড। সরাসরি ইন্টারভিউ এর জন্য যোগাযোগ: 94323-35879 (দুপুর ১২টা থেকে ৬টার মধ্যে) ইমেল: cvfactory135@gmail.com

□

**Require Civil/ Arch 5 yrs exp (BE/** DCE/ Draughtsman) Cad Known for Consultancy & Construction Office (Arch & Structure) Contact-98300-50206.

□

**অবসরপ্রাপ্ত হবার পর আবার সেই সম্মান** আর উপার্জন পেতে কলকাতার অফিসে অবসরপ্রাপ্ত গ্রুপ এ আসুন। সমস্ত মহিলাদের জন্য বিশেষ সুবিধা আছে। BM- 97488-70286.

□

**A LTD. Company Required Sales** Marketing, Plant Manager & Retired Army Officer Apply: hr.office@sreedm.com

□

**প্রখ্যাত কোম্পানির দক্ষিণ কলকাতার** অফিসে ম্যানেজার পদে কাজ করার সুবর্ণ সুযোগ অবসরপ্রাপ্তদের জন্য। Age: 40-70, HS+ আয় 4 LPA. M : 98303-24458/ 82401-46669.

□

### কর্মখালি

**Start your 2nd Innings.** কলকাতায় প্রখ্যাত কোং-তে অফিসে বসে পার্টটাইম কাজ। অভিজ্ঞ Retd/VRS Govt/ রেল/Bank/ Army অগ্রগণ্য। (30-67, HS+). 97482-49693.

□

**Reqd for a Pet Shop Bhawanipur** 6 Days, Age18-35, Sales, Material tracking, Bookkeep Sal 8K-10K Negotiable, Time: 10AM-8PM 89814-08631.

□

**বৃদ্ধাশ্রমে সর্বক্ষণ থেকে কাজ করার জন্য** পিছুটানহীন আয়া চাই। বেতন + থাকা ও খাওয়া। খড়গপুর, পশ্চিম মেদিনীপুর। যোগাযোগ- 70017-31701, 90465-30304.

□

**We are hiring Female/ Male sales** person in jewellery showroom Bowbazar. Contact: 99030-44227.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৩ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

৩ জুন-র কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩০ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

**Needs Others Insurance Co.** Leader/ Agent/ Retd/ Housewife/ Telecaller/ Fresher for Manager. 21-70, HS+ Salary + Allowance + PF 98361-62116.

□

**Kolkata Travels Office required** Accountant, Computer operator (female), receptionist, weater, house keeping staff for Mandarmoni Resort. 2231-0909/ 98302-13935.

□

**Parcel & Framing-এর কাজ জানা** লোক (Artist-এর জন্য) এবং ব্যবসার জন্য Accountant চাই 86172-83797, 9038575101 sbasu24@rediffmail.com

□

**ভারতবর্ষের তৃতীয় বৃহত্তম কোম্পানিতে** লোক নেওয়া হচ্ছে, স্থায়ী/অস্থায়ী ম্যানেজার পদে। বয়স 21-64 M/F, গৃহবধূ/ অবসরপ্রাপ্ত/ বীমা কার্যকর্তা যোগাযোগ- 90735-00885.

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

# রেলে ৬৫৬৫ টেকনিশিয়ান

*প্রথম পাতার পর*

এর ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: গ্রেড-১-এর ক্ষেত্রে সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ ও গ্রেড-৩-এর ক্ষেত্রে লেভেল-২ অনুসারে।

দেশের ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড (আরআরবি) এই নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণ করছে। এর মধ্যে এ রাজ্যের আরআরবিগুলি হল কলকাতা, মালদা ও শিলিগুড়ি।

অনলাইন আবেদন করা যাবে ৩০ জুন থেকে ২৯ জুলাই পর্যন্ত। প্রার্থীরা যে-কোনও একটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের শূন্যপদে দরখাস্ত করবেন। যে-আরআরবি-র শূন্যপদে আবেদন করতে চান, সেই আরআরবি-র নির্দিষ্ট ওয়েবসাইটেই দরখাস্ত সাবমিট করতে হবে। পশ্চিমবঙ্গের আরআরবি-র ওয়েবসাইটগুলি হল: www.rrbkolkata.gov.in (কলকাতা আরআরবি), www.rrbsiliguri.gov.in (শিলিগুড়ি আরআরবি), www.rrbmalda.gov.in (মালদা আরআরবি)।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে এই নিয়োগের খবর আগাম জানানো হল। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তা কর্মক্ষেত্র-য় জানানো হবে।

আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটগুলিতে। এছাড়াও দেখতে পারেন এই ওয়েবসাইটটি: www.rrbapply.gov.in

# ন্যালকোয় ২৬৫

*প্রথম পাতার পর*

প্রার্থীর হেভি ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। ফার্স্ট এইড ট্রেনিং সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৯,৫০০-৭০,০০০ টাকা।

**মাইনিং মেট গ্রেড থ্রি:** ২১টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৫, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে মাইনিং মেট কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। এ ছাড়া সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। ফার্স্ট এইড ট্রেনিং সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৯,৫০০-৭০,০০০ টাকা।

**জুনিয়র ফোরম্যান (মাইনিং):** ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাইনিং বা মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সেই সঙ্গে মাইনিং ফোরম্যান কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। এ ছাড়া সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৩৬,৫০০-১,১৫,০০০ টাকা।

**সুপারিন্টেন্ডেন্ট (জুনিয়র অপারেটিভ ট্রেনি)-অপারেটর:** ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৭, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রনিক্স মেকানিক বা টেকনিশিয়ান মেকাট্রনিক্স বা ইলেক্ট্রিশিয়ান বা ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা ফিটার ট্রেডে এনসিভিটি বা এনসিভিইটি স্বীকৃত ২ বছরের আইটিআই-সহ অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **স্টাইপেন্ড:** প্রথম ১২ মাসে নির্দিষ্ট মাসিক ১২,০০০ টাকা, পরবর্তী ১২ মাস নির্দিষ্ট মাসিক ১৫,০০০ টাকা, শেষ ৬ মাস নির্দিষ্ট মাসিক ১৫,৫০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম: ২৯,৫০০-৭০,০০০ টাকা।

**অপারেটর গ্রেড থ্রি:** ৫৪টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ১১, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রনিক্স মেকানিক বা টেকনিশিয়ান মেকাট্রনিক্স বা ইলেক্ট্রিশিয়ান বা ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা ফিটার ট্রেডে এনসিভিটি বা এনসিভিইটি স্বীকৃত ২ বছরের আইটিআই-সহ অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। পাশাপাশি, সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৯,৫০০-৭০,০০০ টাকা।

**সুপারিন্টেন্ডেন্ট (জুনিয়র অপারেটিভ ট্রেনি)-ফিটার:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার ট্রেডে এনসিভিটি বা এনসিভিইটি স্বীকৃত ২ বছরের আইটিআই-সহ অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **স্টাইপেন্ড:** প্রথম ১২ মাসে নির্দিষ্ট মাসিক ১২,০০০ টাকা, পরবর্তী ১২ মাস নির্দিষ্ট মাসিক ১৫,০০০ টাকা, শেষ ৬ মাস নির্দিষ্ট মাসিক ১৫,৫০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম: ২৯,৫০০-৭০,০০০ টাকা।

**টেকনিশিয়ান (ফিটার) গ্রেড থ্রি:** ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার ট্রেডে এনসিভিটি বা এনসিভিইটি স্বীকৃত ২ বছরের আইটিআই-সহ অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। পাশাপাশি, সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৯,৫০০-৭০,০০০ টাকা।

**সুপারিন্টেন্ডেন্ট (জুনিয়র অপারেটিভ ট্রেনি)-ইলেক্ট্রিক্যাল:** ৩৫টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৫, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে এনসিভিটি বা এনসিভিইটি স্বীকৃত ২ বছরের আইটিআই-সহ অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **স্টাইপেন্ড:** প্রথম ১২ মাসে নির্দিষ্ট মাসিক ১২,০০০ টাকা, পরবর্তী ১২ মাস নির্দিষ্ট মাসিক ১৫,০০০ টাকা, শেষ ৬ মাস নির্দিষ্ট মাসিক ১৫,৫০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম: ২৯,৫০০-৭০,০০০ টাকা।

**টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল)-গ্রেড থ্রি:** ৩৫টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৭, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে এনসিভিটি বা এনসিভিইটি স্বীকৃত ২ বছরের আইটিআই-সহ অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট। পাশাপাশি সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৯,৫০০-৭০,০০০ টাকা।

**সুপারিন্টেন্ডেন্ট (জুনিয়র অপারেটিভ ট্রেনি)-ল্যাবরেটরি:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিস্ট্রিতে বি এসসি অনার্স। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **স্টাইপেন্ড:** প্রথম ১২ মাসে নির্দিষ্ট মাসিক ১২,০০০ টাকা, পরবর্তী ১২ মাস নির্দিষ্ট মাসিক ১৫,০০০ টাকা, শেষ ৬ মাস নির্দিষ্ট মাসিক ১৫,৫০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম: ২৯,৫০০-৭০,০০০ টাকা।

**সুপারিন্টেন্ডেন্ট (জুনিয়র অপারেটিভ ট্রেনি)-ইনস্ট্রুমেন্টেশন/ইনস্ট্রুমেন্ট মেকানিক:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে এনসিভিটি বা এনসিভিইটি স্বীকৃত ২ বছরের আইটিআই-সহ ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্ট মেকানিক ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে। **বয়স:** ২৭ বছরের মধ্যে হতে হবে। **স্টাইপেন্ড:** প্রথম ১২ মাসে নির্দিষ্ট মাসিক ১২,০০০ টাকা, পরবর্তী ১২ মাস নির্দিষ্ট মাসিক ১৫,০০০ টাকা, শেষ ৬ মাস নির্দিষ্ট মাসিক ১৫,৫০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম: ২৯,৫০০-৭০,০০০ টাকা।

**টেকনিশিয়ান (ইনস্ট্রুমেন্টেশন/ইনস্ট্রুমেন্ট মেকানিক) গ্রেড থ্রি:** ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে এনসিভিটি বা এনসিভিইটি স্বীকৃত ২ বছরের আইটিআই-সহ ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্ট মেকানিক ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে। পাশাপাশি, সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৯,৫০০-৭০,০০০ টাকা।

মোট শূন্যপদের মধ্যে ২০টি দৈহিক প্রতিবন্ধী এবং ৩৮টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

১০-৬-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক টেস্টের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। মোট নম্বর ১০০। সময় ২ ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nalcoindia.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১০ জুন পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ এবং হাতে লেখা ডিক্লারেশন-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কোঙ্কন রেলে ১৩০ হেল্পার, টেকনিশিয়ান

মেকানিক্যাল ও প্রোজেক্ট ডিপার্টমেন্টে হেল্পার, টেকনিশিয়ান, জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট-সহ বিভিন্ন পদে ১৩০ জনকে নেবে কোঙ্কন রেলওয়ে কর্পোরেশন লিমিটেড। এটি কেন্দ্রীয় রেল মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষের প্রয়োজন অনুসারে এবং ভালো কাজের ভিত্তিতে চুক্তির মেয়াদ বৃদ্ধি পেতে পারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। পদ অনুযায়ী ইন্টারভিউ ৮ থেকে ১২ জুন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CO/15/2026-PERS(72355)

**শূন্যপদের বিবরণ:** জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট/মেকানিক্যাল: ১১টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং বা অটোমোবাইল বা ম্যানুফ্যাকচারিং বা মেকট্রনিক বা মেটেরিয়াল সায়েন্সেস বা মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি বা ডিপ্লোমা। সেই সঙ্গে রিপেয়ার ওয়ার্কশপ বা ম্যানুফ্যাকচারিং ইউনিটে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**কোয়ালিটি ইনস্পেক্টর:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং বা অটোমোবাইল বা ম্যানুফ্যাকচারিং বা মেকট্রনিক বা মেটেরিয়াল সায়েন্সেস বা মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**টেকনিশিয়ান (ওয়েল্ডার):** ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই বা সমতুল কোর্স পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**টেকনিশিয়ান (ফিটার):** ২২টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**টেকনিশিয়ান (ইওটি অপারেটর):** ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। অথবা মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে মাধ্যমিক উত্তীর্ণদের অন্তত ৪ বছরের এবং আইটিআই উত্তীর্ণদের অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**ভেহিক্যল ড্রাইভার:** ৪টি (সাধারণ ৩, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ, বৈধ হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**লিস্টার/ফর্কলিফট অপারেটর:** ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**অফিস বয়/হেল্পার/খালাসি:** ৩২টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। শারীরিক ভাবে সুস্থ হতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১-৫-২০২৬ তারিখে ৫০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট ও কোয়ালিটি ইনস্পেক্টর পদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৪১,৩৮০-৪৭,২২০ টাকা। অফিস বয়/হেল্পার/খালাসি পদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ২৫,৭০০- ২৯,৩০০ টাকা। বাকি পদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ২৭,১০০- ৩০,৯০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের দিন প্রার্থীর ২ কপি পাসপোর্ট মাপের ফটো, পূরণ করা দরখাস্ত-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র সঙ্গে নিয়ে যাবেন। ইন্টারভিউ-কেন্দ্রের ঠিকানা: Administrative Building, Wagon Repair Workshop, Autonagar, Vadlapuri, Gajuwaka, Visakhapatnam, Andhra Pradesh. ইন্টারভিউয়ের নির্দিষ্ট দিনে সকাল ৯টা থেকে ১২টার মধ্যে ইন্টারভিউ কেন্দ্রে নাম নথিভুক্ত করতে হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://konkanrailway.com দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করবেন। দরখাস্তের নির্দিষ্ট জায়গায় এক কপি পাসপোর্ট মাপের ফটো সেঁটে তার উপর আড়াআড়ি ভাবে সই করবেন।

ইন্টারভিউয়ের নির্দিষ্ট তারিখ ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ডব্লুবিসিএস প্রিলিমিনারি ১৪ জুন

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গ সিভিল সার্ভিসেস বা ডব্লুবিসিএসের (বিজ্ঞপ্তি নম্বর: ০৮/২০২৪) প্রিলিমিনারি পরীক্ষা ১৪ জুন। কলকাতার বিভিন্ন কেন্দ্র ও ২৫টি জেলাকেন্দ্রে পরীক্ষা আয়োজিত হবে। পরীক্ষার সময় বেলা বারোটা থেকে আড়াইটে। পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন ১৪ মে একটি বিজ্ঞপ্তি প্রকাশ করে জানিয়েছে, আবেদনকারীরা ৪ জুন থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন কমিশনের এই ওয়েবসাইট থেকে: https://psc.wb.gov.in

# ফিনাইলের ব্যবসা

*প্রথম পাতার পর*

ইত্যাদির সঙ্গে যুক্ত হওয়ার চেষ্টা করুন। আপনার প্রোডাক্ট সম্পর্কে বিজ্ঞাপন দিন লোক্যাল কেবল টিভিতে। এখন সর্বত্র এ সব জিনিসের চাহিদা আছে। তাই ব্যাঙ্ক ঋণ পেতেও অসুবিধা হবে না। প্রথম দিকে দাম কম রাখলে ব্যবসা করতে সুবিধা হবে।

## কোথায় প্রশিক্ষণ নেবেন

### প্রগতি রিসার্চ ইন্সটিটিউট

কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বীকৃত প্রগতি রিসার্চ ইন্সটিটিউট ফিনাইল তৈরির প্রশিক্ষণ দিয়ে থাকে। প্রগতি ভারত সরকারের ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিস কর্পোরেশন-এর অন্তর্ভুক্ত। প্রগতি-তে ফিনাইলের প্রশিক্ষণে ভর্তি হওয়ার জন্য যে কোনও সময়ই আবেদন করা যায়। ফিনাইল প্রস্তুত শেখার কোর্সে তিন রকমের সাদা ফিনাইল, দু'রকমের কালো ফিনাইল, নিম পাতা থেকে তৈরি দু'রকমের ফিনাইল, ছ'রকমের রঙিন ফিনাইল, পাঁচ থেকে ছ'রকমের ফ্লোর ক্লিনার, ব্লিচিং পাইডার ও কার্বলিক অ্যাসিড তৈরি শেখানো হয়।

**প্রশিক্ষণের নিয়ম:** ফিনাইল তৈরির কোর্সে ফ্লোর ক্লিনার, ব্লিচিং পাউডার ও কার্বলিক অ্যাসিড তৈরিও শেখানো হয়। ফিনাইলের প্রশিক্ষণের সময়সীমা তিন মাস। সপ্তাহে দুটো দিন ক্লাস। শুক্রবার বাদে ছাত্রছাত্রীরা তাঁদের সুবিধা অনুয়ায়ী যে কোনও দুটো দিনে প্রশিক্ষণ নিতে পারেন।

**প্রশিক্ষণ ফি:** ৯,৮০০ টাকা।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ বা সমতুল।

হাতেকলমে কাজ শেখার পরে শিক্ষার্থী কীভাবে ব্যবসা করবেন, কোথা থেকে উপকরণ সংগ্রহ করবেন, কী ভাবে লাইসেন্স পাবেন এবং মার্কেটিং সম্পর্কে ইত্যাদি যাবতীয় ধারণা তাঁকে দেওয়া হয়।

**যোগাযোগ:** প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া।

ফোন-২৬৭১-০২৯২ (সকাল ১১টা থেকে বিকেল ৫টার মধ্যে।

মোবাইল: ৯৪৩২৪-৯০৩২৯/ (০৩৩)২৬৭১০২৯২।

**KANYASHREE UNIVERSITY**
Krishnagar, Nadia
Ref. Ksru-Reg.LT/73/2026-27
dt. 12.05.26
Admission open for NET/SET Coaching & Certificate Course (06 Months). Please visit website for more details : https://www.kanyashreeuniversity.in/

**Dutta Control situated at Pune (Maharashtra) looking for workman as listed below.**
11th Pass- 10 Nos. as a M/c. Operator/Assy. Section.
DME Engineer - 10 Nos. as a Q.C. Inspector / Supervisor
Above Candidate will be given free Accommodation and free Bus service.
Interested candidates are requested to Contact in this
**Mobile : 9371009195**
**Time: 10 a.m. to 5 p.m.**

# বিমানবাহিনীতে ১৪২ অফিসার

*প্রথম পাতার পর*

ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে পুরুষ-মহিলা উভয়ের ট্রেনিং হবে ২২২/২৭এফ/এসএসসি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে। গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) ব্রাঞ্চের ক্ষেত্রে পুরুষ-মহিলা উভয়ের ট্রেনিং হবে ২২১/২৭জি/ এসএসসি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে। এনসিসি স্পেশ্যাল এন্ট্রির মাধ্যমে ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে পুরুষদের ট্রেনিং হবে ২২২/২৭ এফ/পিসি/এম (পার্মানেন্ট কমিশন) কোর্সে এবং পুরুষ-মহিলা উভয়ের ক্ষেত্রে ট্রেনিং হবে ২২২/২৭ এফ/এসএসসি/এম অ্যান্ড ডব্লু (শর্ট সার্ভিস কমিশন) কোর্সে।

**শূন্যপদের বিবরণ: এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট: ফ্লাইং শাখা:** পুরুষ ৩০টি, মহিলা ৫টি। এনসিসি স্পেশ্যাল এন্ট্রির ক্ষেত্রে কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (পার্মানেন্ট কমিশনের জন্য) এবং এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট (শর্ট সার্ভিস কমিশনের জন্য) পরীক্ষায় উত্তীর্ণদের জন্য ১০ শতাংশ করে শূন্যপদ সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় ৩ বছরের স্নাতক। অথবা, ৪ বছরের বি ই বা বি টেক ডিগ্রি কোর্স পাশ। অথবা অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ। সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে এবং উচ্চ মাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্সে অন্তত ৫০ শতাংশ করে নম্বর থাকতে হবে। পূর্বে কম্পিউটারাইজড পাইলট সিলেকশন সিস্টেম বা পাইলট অ্যাপ্টিটিউড ব্যাটারি টেস্টে ব্যর্থ হয়ে থাকলে আর আবেদন করবেন না। এনসিসি স্পেশ্যাল এন্ট্রির ক্ষেত্রে প্রার্থীকে এনসিসি 'সি' সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

দৈহিক মাপজোক: উচ্চতা ১৬২ সেমি। পায়ের দৈর্ঘ্য হতে হবে ৯৯ থেকে ১২০ সেমির মধ্যে। থাইয়ের দৈর্ঘ্য সর্বাধিক ৬৪ সেমি। বসে থাকা অবস্থায় উচ্চতা হতে হবে ৮১.৫ থেকে ৯৬ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

**গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল শাখা):** বিভাগ অনুসারে শূন্যপদ: ওয়েপন সিস্টেমস: পুরুষ ২১টি, মহিলা ৫টি। অ্যাডমিনিস্ট্রেশন: পুরুষ ৫০টি, মহিলা ১২টি। লজিস্টিক্স: পুরুষ ৪টি, মহিলা ২টি। অ্যাকাউন্টস: পুরুষ ৫টি, মহিলা ২টি। এডুকেশন: পুরুষ ১টি, মহিলা ২টি। মেটিওরোলজি: পুরুষ ১টি, মহিলা ২টি।

শিক্ষাগত যোগ্যতা: ওয়েপন সিস্টেমস: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক অথবা বি ই বা বি টেক কোর্স পাশ। উচ্চ মাধ্যমিকে অঙ্ক ও ফিজিক্সে অন্তত ৫০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে।

অ্যাডমিনিস্ট্রেশন ও লজিস্টিক্স: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। উচ্চ মাধ্যমিকেও ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ।

অ্যাকাউন্টস: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি কম পাশ। অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা ম্যানেজমেন্ট স্টাডিজ বা বিজনেস স্টাডিজে স্নাতক। অথবা সিএ বা সিএমএ বা সিএস বা সিএফএ। ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ বি এসসি পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। সব ক্ষেত্রেই উচ্চ মাধ্যমিকেও ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

এডুকেশন: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতক স্তরে অন্তত ৬০ শতাংশ নম্বর এবং উচ্চ মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

মেটিওরোলজি: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর ও ফিজিক্স এবং ম্যাথমেটিক্স-সহ বি এসসি। উচ্চ মাধ্যমিকেও ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। অথবা নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনওটিতে ৬০ শতাংশ নম্বর সহ ৪ বছরের বি ই বা বি টেক ডিগ্রি। বিষয়গুলি হল: ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (মাইক্রোওয়েভস)।

দৈহিক মাপজোক: উচ্চতা ১৫৭ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫২ সেমি)। গোর্খা প্রার্থীরা ৫ সেমি ছাড় পাবেন। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

**বয়স:** ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে ১-৭-২০২৭ তারিখে ২০ থেকে ২৪ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৭-২০০৩ থেকে ১-৭-২০০৭-এর মধ্যে। কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীরা ২৬ বছর পর্যন্ত ছাড় পাবেন। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৭-এর মধ্যে। গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) শাখার ক্ষেত্রে ১-৭-২০২৭ তারিখে ২০ থেকে ২৬ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৭-এর মধ্যে।

ট্রেনিংয়ের মেয়াদ ফ্লাইং শাখার ক্ষেত্রে ৬২ সপ্তাহ এবং গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) শাখার ক্ষেত্রে ৫০ সপ্তাহ। ট্রেনিং চলাকালীন অবিবাহিত থাকতে হবে। ট্রেনিং শুরু হবে ২০২৭-এর জুলাইতে, হায়দরাবাদে।

**বেতনক্রম:** ফ্লাইং অফিসার পদের ক্ষেত্রে ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, সঙ্গে মিলিটারি সার্ভিস পে প্রতি মাসে ১৫,৫০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://afcat.edcil.co.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৯ জুন পর্যন্ত।

পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৫৫০ টাকা (জিএসটি অতিরিক্ত)। অনলাইনে ফি জমা দিতে হবে। এনসিসি স্পেশ্যাল এন্ট্রি ক্যাটেগরিতে আবেদনকারী প্রার্থীদের কোনও ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিউক্লিয়ার পাওয়ারে ২৫৫

*প্রথম পাতার পর*

ইনস্ট্রুমেন্টেশন মেকানিক ১৫টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৪, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

ইলেক্ট্রিশিয়ান ৪৭টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৪)।

ফিটার ৩০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ১, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

টার্নার ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

মেশিনিস্ট ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ২)।

ওয়েল্ডার ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)।

মোট আসনের মধ্যে ১১টি প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: প্লান্ট অপারেটর ট্রেডের ক্ষেত্রে অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক পাশ। উচ্চ মাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে।

বাকি ট্রেডের ক্ষেত্রে অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ২ বছর মেয়াদের আইটিআই কোর্স পাশ। ১ বছর মেয়াদের আইটিআই কোর্স পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন, সেক্ষেত্রে কোর্স পাশের পর সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

সব ক্ষেত্রেই মাধ্যমিক স্তরে ইংরেজি পড়ে থাকতে হবে।

**বয়স:** ২৯-৬-২০২৬ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। সরকারি নিয়মানুসারে তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধীরা বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রশিক্ষণের প্রথম বর্ষে প্রতি মাসে ২০,০০০ টাকা, দ্বিতীয় বর্ষে প্রতি মাসে ২২,০০০ টাকা। এ ছাড়াও বইয়ের খরচ বাবদ এককালীন দেওয়া হবে ৩,০০০ টাকা।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৬০ সেমি। ওজন অন্তত ৪৫.৫ কেজি।

সফল ভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে টেকনিশিয়ান 'বি' পদে।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের অনলাইন পরীক্ষার মাধ্যমে। ১৫০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হবে ম্যাথমেটিক্স, সায়েন্স ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। সময়সীমা ১ ঘণ্টা। ১৫০ নম্বরের দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট ট্রেড বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। সব ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে।

প্রশিক্ষণের জন্য অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in আবেদন করা যাবে ৮ জুন থেকে ২৯ জুন পর্যন্ত। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান্ করা ফটো (১০-৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

*প্রথম পাতার পর*

৬০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **আমেদাবাদ (পশ্চিম রেল)**: ১৪৭টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১১, ওবিসি ৩৮, আর্থিক ভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে ১৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **আজমের (উত্তর-পশ্চিম রেল)**: ৬০০টি (সাধারণ ২৬২, তফসিলি জাতি ৯৭, তফসিলি উপজাতি ৫৯, ওবিসি ১৪২, আর্থিক ভাবে অনগ্রসর ৪০)। এর মধ্যে ৬০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **আজমের (পশ্চিম-মধ্য রেল)**: ১১৮টি (সাধারণ ৫৬, তফসিলি জাতি ১৮, ওবিসি ৩২, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। এর মধ্যে ১২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **প্রয়াগরাজ (উত্তর-মধ্য রেল)**: ৪৫৭টি (সাধারণ ২৮৪, তফসিলি জাতি ৩৭, তফসিলি উপজাতি ২৭, ওবিসি ৬৫, আর্থিক ভাবে অনগ্রসর ৪৪)। এর মধ্যে ৪৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **প্রয়াগরাজ (উত্তর রেল)**: ১৫৩টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১১, ওবিসি ৪২, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)। এর মধ্যে ১৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **বেঙ্গালুরু (দক্ষিণ-পশ্চিম রেল)**: ২০০টি (সাধারণ ৮০, তফসিলি জাতি ৩১, তফসিলি উপজাতি ১৫, ওবিসি ৫৪, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। এর মধ্যে ২০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ভোপাল (পশ্চিম-মধ্য রেল)**: ৪২৩টি (সাধারণ ১৯৪, তফসিলি জাতি ৭৪, তফসিলি উপজাতি ২৩, ওবিসি ১১৭, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)। এর মধ্যে ৪২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ভোপাল (পশ্চিম রেল)**: ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৮, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ভুবনেশ্বর (পূর্ব উপকূল রেল)**: ৮০১টি (সাধারণ ৫৪৮, তফসিলি জাতি ৭০, তফসিলি উপজাতি ৩৬, ওবিসি ৪৮, আর্থিক ভাবে অনগ্রসর ৯৯)। এর মধ্যে ৮০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **বিলাসপুর (মধ্য রেল)**: ৩২২টি (সাধারণ ১৮৭, তফসিলি জাতি ৭৭, তফসিলি উপজাতি ৫২, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ৩২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **বিলাসপুর (দক্ষিণ-পূর্ব-মধ্য রেল)**: ২০০টি (সাধারণ ৮৪, তফসিলি জাতি ২৯, তফসিলি উপজাতি ১৪, ওবিসি ৫৩, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। এর মধ্যে ২০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **চণ্ডীগড় (উত্তর রেল)**: ১৮৭টি (সাধারণ ৫৬, তফসিলি জাতি ৩৯, তফসিলি উপজাতি ২৩, ওবিসি ৪৯, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। এর মধ্যে ১৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **চেন্নাই (দক্ষিণ রেল)**: ১৮৬টি (সাধারণ ৯৩, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ১৪, ওবিসি ৪১, আর্থিক ভাবে অনগ্রসর ১৪)। এর মধ্যে ১৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **গোরখপুর (উত্তর-পূর্ব রেল)**: ১০৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৩৭, ওবিসি ১৭, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। এর মধ্যে ১০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **গুয়াহাটি (উত্তর সীমান্ত রেল)**: ৬৭৬টি (সাধারণ ২৭২, তফসিলি জাতি ১০৯, তফসিলি উপজাতি ৬৩, ওবিসি ১৬৪, আর্থিক ভাবে অনগ্রসর ৬৮)। এর মধ্যে ৬৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **জম্মু (উত্তর রেল)**: ৪০০টি (সাধারণ ১৫৮, তফসিলি জাতি ৫৮, তফসিলি উপজাতি ৩০, ওবিসি ১১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪৪)। এর মধ্যে ৪০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **মুম্বই (মধ্য রেল)**: ১,০৭৮টি (সাধারণ ২৯০, তফসিলি জাতি ২০৭, তফসিলি উপজাতি ৯৯, ওবিসি ৩৪৪, আর্থিক ভাবে অনগ্রসর ১৩৮)। এর মধ্যে ১০৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **মুম্বই (দক্ষিণ-মধ্য রেল)**: ৭৮টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ওবিসি ২৬, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **মুম্বই (পশ্চিম রেল)**: ৩৭টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **মুজফফরপুর (পূর্ব-মধ্য রেল)**: ৪২টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **পটনা (পূর্ব-মধ্য রেল)**: ১০৩টি (সাধারণ ৪১, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ওবিসি ২৮, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ১০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **রাঁচি (পূর্ব-মধ্য রেল)**: ৫৫৫টি (সাধারণ ২২৪, তফসিলি জাতি ৮৩, তফসিলি উপজাতি ৪২, ওবিসি ১৫০, আর্থিক ভাবে অনগ্রসর ৫৬)। এর মধ্যে ৫৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **রাঁচি (দক্ষিণ-পূর্ব রেল)**: ৭৪৫টি (সাধারণ ২৪৮, তফসিলি জাতি ১৫০, তফসিলি উপজাতি ৬৩, ওবিসি ২১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৭১)। এর মধ্যে ৭৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **সেকেন্দ্রাবাদ (পূর্ব উপকূল রেল)**: ৮২৪টি (সাধারণ ৩৮৭, তফসিলি জাতি ১১৯, তফসিলি উপজাতি ৫৭, ওবিসি ২২৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩৩)। এর মধ্যে ৮২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **সেকেন্দ্রাবাদ (দক্ষিণ-মধ্য রেল)**: ৫৯৬টি (সাধারণ ২৩৮, তফসিলি জাতি ৯০, তফসিলি উপজাতি ৪৫, ওবিসি ১৬২, আর্থিক ভাবে অনগ্রসর ৬১)। এর মধ্যে ৬১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ত্রিবান্দ্রম (দক্ষিণ রেল)**: ৬৪টি (সাধারণ ৪৩, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৫, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইনস্ট্রুমেন্ট মেকানিক, মিলরাইট, মেইন্টেন্যান্স মেকানিক, মেকানিক (রেডিয়ো অ্যান্ড টিভি), ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক (মোটর ভেহিক্যল), ওয়্যারম্যান, ট্র্যাক্টর মেকানিক, আর্মেচার অ্যান্ড কয়েল ওয়াইন্ডার, মেকানিক (ডিজেল), হিট ইঞ্জিন, টার্নার, মেশিনিস্ট, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক— যে-কোনও একটি ট্রেডে আইটিআই বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ। অথবা মাধ্যমিক-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা ডিগ্রি।

**বয়স**: ১-৭-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ করে না থাকলে ৩৫ বছর পর্যন্ত বয়স গ্রাহ্য হবে।

**মেডিক্যাল স্ট্যান্ডার্ড**: এ-ওয়ান। **দৃষ্টিশক্তি**: চশমা ছাড়া দূরের ক্ষেত্রে উভয় চোখে ৬/৬। প্লাস ২ডি গ্রাহ্য হবে না। কাছের ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ০.৬।

**শুরুতে বেতন**: ১৯,৯০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ও কম্পিউটার-ভিত্তিক অ্যাপ্টিটিউড টেস্টের মাধ্যমে। প্রথম পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় প্রশ্ন হবে ম্যাথমেটিক্স, মেন্টাল এবিলিটি, জেনারেল সায়েন্স বিষয়ে। মোট নম্বর ৭৫। সময় ১ ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হবে দু'টি পার্টে। প্রথম পার্টে থাকবে ম্যাথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। নম্বর ১০০। সময় দেড় ঘণ্টা। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ট্রেড বিষয়ে। মোট নম্বর ৭৫। সময় ১ ঘণ্টা। সব ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে প্রার্থী যে-আরআরবি-র শূন্যপদে আবেদন করবেন, তার নির্দিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে। প্রথমে ওয়েবসাইটে 'অ্যাকাউন্ট' তৈরি করতে হবে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা দরখাস্ত করবেন এই আরআরবি ওয়েবসাইটগুলির মাধ্যমে: www.rrbkolkata.gov.in (কলকাতা আরআরবি), www.rrbsiliguri.gov.in (শিলিগুড়ি আরআরবি), www.rrbmalda.gov.in (মালদা আরআরবি)। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। **অনলাইন দরখাস্ত করা যাবে ১৪ জুন পর্যন্ত।**

অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ফটো) তুলতে হবে। এ ছাড়া, সই (জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে ৩০-৪৯ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ৪০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, সংখ্যালঘু, ট্রান্সজেন্ডার, আর্থিক ভাবে অনগ্রসর ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ফি ২৫০ টাকা। প্রথম পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

**ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৬ জুন।**

দরখাস্ত সংশোধন করা যাবে ১৭ থেকে ২৬ জুন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ০১৭২-৫৬৫-৩৩৩৩ অথবা ৯৫৯২০-০১১৮৮।

আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটগুলিতে।

# স্টেট ব্যাঙ্কে ১০০ অফিসার

*প্রথম পাতার পর*

মধ্যে ৪টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৩টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত, চলাফেরায় অসুবিধা আছে এবং একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা**: স্নাতক, সঙ্গে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্স থেকে ফোরেক্স অপারেশনসে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। এর পাশাপাশি কোনও শিডিউলড কমার্শিয়াল ব্যাঙ্কে ট্রেড ফিনান্স বিভাগে সুপারভাইজর বা অফিসার পদে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ট্রেড ফিনান্স, ইন্টারন্যাশনাল ব্যাঙ্কিং এবং ডকুমেন্টারি ক্রেডিট স্পেশ্যালিস্টস কোর্স করে থাকলে অগ্রাধিকার।

**বয়স**: ৩০-৪-২০২৬ তারিখে ২৩ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ৬৪,৮২০-৯৩,৯৬০ টাকা।

প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://sbi.bank.in/web/careers/current-openings. দরখাস্তের শেষ তারিখ ২ জুন।

মনে রাখবেন, দরখাস্তের সময় আপলোড করতে হবে এই সব নথি: ✓প্রার্থীর জীবনপঞ্জি, ✓সচিত্র পরিচয়পত্র, ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, ✓শেষ পাওয়া ফর্ম-১৬ বা শেষ পাওয়া স্যালারি স্লিপ, ✓সম্প্রতি তোলা পাসপোর্ট মাপের রঙিন ফটো (সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে, ২০-৫০ কেবি সাইজের মধ্যে), ✓কালো কালিতে করা সই (১০-২০ কেবি সাইজের মধ্যে), ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ওবিসি সার্টিফিকেট এবং ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

ফি বাবদ অনলাইন দিতে হবে ৭৫০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://sbi.bank.in

# এয়ারপোর্টস অথরিটিতে ১৫৮ গ্র্যাজুয়েট

সিকিউরিটি স্ক্রিনার পদে ১৫৮ জনকে নেবে এয়ারপোর্টস অথরিটি অব ইন্ডিয়া কার্গো লজিস্টিক্স অ্যান্ড অ্যালায়েড সার্ভিসেস কম্পানি। এটি এয়ারপোর্টস অথরিটি অব ইন্ডিয়ার ভর্তুকি প্রাপ্ত একটি সংস্থা। ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে দেশের ৬টি বিমানবন্দরে। প্রথমে ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 01/2026.

**এয়ারপোর্ট অনুসারে শূন্যপদ**: কলকাতা ২৫টি, দেরাদুন ১৭টি, পাটনা ৩৭টি, ত্রিচি ২৮টি, কালিকট ১৭টি, উদয়পুর ৩৪টি।

**শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক, ইংরেজি ও হিন্দিতে পড়তে ও বলতে জানতে হবে অথবা স্থানীয় ভাষা বলতে ও বুঝতে হবে।

**বয়স**: ১-৫-২০২৬ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। সরকারি নিয়মানুসারে তফসিলি, ওবিসি এবং প্রাক্তন সমরকর্মীরা বয়সের ছাড় পাবেন।

**বেতন**: প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ৩০,০০০ টাকা, ৩২,০০০ টাকা ও ৩৪,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.aaiclas.aero দরখাস্তের শেষ তারিখ ৮ জুন। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইনে দিতে হবে ৭৫০ টাকা (মহিলা, তফসিলি ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ১০০ টাকা)। অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইউপিআই বা ওয়ালেটের মাধ্যমে ফি জমা দিতে হবে।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দক্ষিণ পূর্ব মধ্য রেলে ১১৭৪ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

উপজাতি ১৭, ওবিসি ৬০, আর্থিক ভাবে অনগ্রসর ২২)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ২২টি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য ৯টি আসন সংরক্ষিত। **মেশিনিস্ট**: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **পেইন্টার**: ৪১টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৪টি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য ২টি আসন সংরক্ষিত। **প্লাম্বার**: ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৩টি এবং দৈহিক প্রতিবন্ধীর জন্য ১টি আসন সংরক্ষিত। **মেকানিক (রেফ্রিজারেশন অ্যান্ড এসি)**: ৪০টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৪টি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য ২টি আসন সংরক্ষিত। **শীট মেটাল ওয়ার্কার**: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **স্টেনোগ্রাফার (ইংলিশ)**: ৩৬টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ৪টি এবং দৈহিক প্রতিবন্ধীর জন্য ১টি আসন সংরক্ষিত। **স্টেনোগ্রাফার (হিন্দি)**: ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি এবং দৈহিক প্রতিবন্ধীর জন্য ১টি আসন সংরক্ষিত। **ডিজেল মেকানিক**: ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীর জন্য ১টি আসন সংরক্ষিত। **টার্নার**: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **ওয়েল্ডার**: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ২টি আসন সংরক্ষিত। **ওয়্যারম্যান**: ১২৫টি (সাধারণ ৫১, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ৯, ওবিসি ৩৪, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। এর মধ্যে প্রাক্তন সমরকর্মীদের জন্য ১২টি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য ৫টি আসন সংরক্ষিত। **কেমিক্যাল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট**: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১)।

**শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ। উভয় ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স**: ১১-৬-২০২৬ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা সর্বাধিক ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.apprenticeshipindia.gov.in/ দরখাস্তের শেষ তারিখ ১১ জুন। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো ও সই-সহ অন্যান্য প্রয়োজনীয় সার্টিফিকেট আপলোড করতে হবে।

অনলাইন আবেদনপত্র যথাযথ ভাবে সাবমিট করুন। সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://secr.indianrailways.gov.in

## রেলের ক্যাটারিংয়ে
# ৯২ হসপিটালিটি মনিটর

হসপিটালিটি মনিটর পদে ৯২ জনকে নেবে ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটারিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন (আইআরসিটিসি)। নিয়োগ করা হবে পঞ্জাব, চণ্ডীগড়, দিল্লি-সহ উত্তর ভারতের বিভিন্ন রাজ্যগুলিতে, প্রাথমিক ভাবে ২ বছরের চুক্তিতে। তবে কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ১ বছর বৃদ্ধি পেতে পারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ৩ থেকে ২৪ জুন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2026/IRCTC/NZ/HRD/ Contractual/Hospitality Monitor

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে হসপিটালিটি অ্যান্ড হোটেল অ্যাডমিনিস্ট্রেশনে বি এসসি। অথবা, কেন্দ্রীয় পর্যটন মন্ত্রকের অধীনস্থ কিউলিনারি ইনস্টিটিউট থেকে কিউলিনারি আর্টসে বিবিএ বা এমবিএ। অথবা, হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং সায়েন্সে বি এসসি। অথবা ট্যুরিজম অ্যান্ড হোটেল ম্যানেজমেন্টে এমবিএ। কম্পিউটারে মাইক্রোসফট অফিস ও রিপোর্ট তৈরি করতে জানলে অগ্রাধিকার। ফ্রেশার প্রার্থীরাও আবেদন করতে পারেন।

**বয়স:** ১-৫-২০২৬ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ৩০,০০০ টাকা (সিটিসি)।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী, অর্থনৈতিক ভাবে অনগ্রসর ও প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ৩ থেকে ২৪ জুন নয়াদিল্লি, শ্রীনগর, চণ্ডীগড়, জয়পুর ও লখনউয়ে (সকাল ১১টা থেকে বিকেল ৫টা)।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নিতে হবে এই ওয়েবসাইট থেকে: www.irctc.com ইন্টারভিউয়ের সময় পূরণ করা দরখাস্তের সঙ্গে নিয়ে যাবেন— সম্প্রতি তোলা পাসপোর্ট মাপের ২ কপি ফটো, বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট ও কাজের অভিজ্ঞতার যাবতীয় সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। মূল নথিপত্রগুলিও সঙ্গে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউটে গ্রুপ 'সি'

বিভিন্ন পদে ৮৪ জন গ্রুপ 'সি' কর্মী নেবে ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউট। এটি কেন্দ্রের এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ মন্ত্রকের অধীনস্থ সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1/FRI/GC/2026.

**শূন্যপদের বিবরণ: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ফিল্ড/ল্যাব রিসার্চ):** ৪টি (তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি। অন্যতম বিষয় হিসেবে বটানি, জুলজি, ফরেস্ট্রি, এনভায়রনমেন্ট, ইকোলজি, বায়ো টেকনোলজি, জেনেটিক্স, মাইক্রো-বায়োলজি, জিওলজি, বায়ো-কেমিস্ট্রি— যে-কোনও একটি বিষয় পড়ে থাকতে হবে। **বয়স:** ২১ থেকে ৩০ বছরের মধ্যে।

**টেকনিশিয়ান (ফিল্ড/ল্যাব রিসার্চ):** ১১টি (তফসিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

**টেকনিশিয়ান (মেইন্টেন্যান্স):** ৯টি (তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ট্রেড অনুসারে শূন্যপদ: ইনফর্মেশন টেকনোলজি ১টি, কার্পেন্টার ২টি, পাম্প অপারেটর-কাম-মেকানিক ২টি, প্লাম্বার ২টি, ইলেক্ট্রিশিয়ান ২টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

**লোয়ার ডিভিশন ক্লার্ক:** ৮টি (তফসিলি উপজাতি ২, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। **বয়স:** ১৮ থেকে ২৭ বছরের মধ্যে।

**ফরেস্ট গার্ড:** ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ওবিসি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক। **দৈহিক মাপজোক:** উচ্চতা: ১৬৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫০ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৯ সেমি ও ৮৪ সেমি (মহিলাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৪ সেমি ও ৭৯ সেমি)। **বয়স:** ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

**মাল্টি টাস্কিং স্টাফ:** ৪৫টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ৮, ওবিসি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে খেলোয়াড়দের জন্য ১টি, দৈহিক প্রতিবন্ধীদের জন্য ৩টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ৪টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

৩-৬-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক টেস্ট (নম্বর ১০০, সময় ৩ ঘণ্টা), ডেসক্রিপ্টিভ টেস্ট (নম্বর ৫০, সময় ৪৫ মিনিট) ও স্কিল টেস্টের মাধ্যমে। স্কিল টেস্টের ক্ষেত্রে টেকনিশিয়ান পদের ক্ষেত্রে থাকবে ট্রেড টেস্ট, লোয়ার ডিভিশন ক্লার্কের ক্ষেত্রে থাকবে টাইপিং টেস্ট, ফরেস্ট গার্ডের ক্ষেত্রে থাকবে ৪ ঘণ্টায় ২৫ কিলোমিটার হাঁটা (মহিলাদের ক্ষেত্রে ১৪ কিলোমিটার)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://fri.icfre.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩ জুন পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০০ টাকা)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশনে
# ১৮০ তরুণ-তরুণীকে
## অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

গ্র্যাজুয়েট, ট্রেড ও টেকনিশিয়ান ক্যাটেগরিতে ১৮০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন (এনএমডিসি)। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেনিং দেওয়া হবে ছত্তীসগড়ের দান্তেওয়াড়ায়, বাইলাডিলা আয়রন ওর মাইনে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১ থেকে ১১ জুন। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: BC/DGM(MIN.)/T,S&E/APPR-301-A/Vol-IX/ 2026-27/1471.

এর আগে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে, সংশ্লিষ্ট ট্রেডে এক বছরের কাজের অভিজ্ঞতা থাকলে, ২০২৩ সালের আগে যোগ্যতা নির্ধারক পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করবেন না।

**আসনসংখ্যার বিবরণ: ট্রেড অ্যাপ্রেন্টিস:** কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট (কোপা): ৩০টি। মেকানিক (ডিজেল): ২৫টি। ফিটার: ২০টি। ইলেক্ট্রিশিয়ান: ৩০টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক্যাল): ২০টি। মেকানিক (মোটর ভেহিক্যল): ২০টি। মেশিনিস্ট: ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে এনসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৬টি ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৪টি। মাইনিং ইঞ্জিনিয়ারিং: ৪টি। সিভিল ইঞ্জিনিয়ারিং: ২টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৫টি ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৩টি। মাইনিং ইঞ্জিনিয়ারিং: ২টি। মডার্ন অফিস ম্যানেজমেন্ট (এমওএম): ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে ৩ বছরের ডিপ্লোমা।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে।

ইন্টারভিউয়ে যাওয়ার আগে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে— ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে: www.apprenticeshipindia.org এবং গ্র্যাজুয়েট/টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে: https://nats.education.gov.in

ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Training Institute, BIOM, Bacheli Complex, Bacheli, Pin Code: 494553, Dantewada (C.G.). ইন্টারভিউ সকাল ১০টায়। প্রার্থীদের সকাল ৯টার আগে ইন্টারভিউ কেন্দ্রে পৌঁছতে হবে।

ইন্টারভিউয়ের দিন সঙ্গে নিয়ে যাবেন: পাসপোর্ট মাপের ছবি সাঁটা সম্পূর্ণ জীবনপঞ্জি, বয়স ও যাবতীয় শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), আধার কার্ড, প্যান কার্ড, ব্যাঙ্ক অ্যাকাউন্ট সংক্রান্ত কাগজপত্রের এক কপি নকল। মূল নথিপত্রগুলিও সঙ্গে রাখবেন।

ইন্টারভিউয়ের নির্দিষ্ট তারিখ ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.nmdc.co.in

# হকিন্স অ্যাকাউন্টস ও অডিট বিভাগে ম্যানেজমেন্ট ট্রেনি নিচ্ছে

**নিজস্ব প্রতিনিধি:** অ্যাকাউন্টস ও অডিট বিভাগে ম্যানেজমেন্ট ট্রেনি নেবে প্রেশার কুকার উৎপাদক সংস্থা হকিন্স। কমার্সের ফ্রেশ গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। ম্যানেজমেন্ট ট্রেনি পদে নিয়োগ হবে সংস্থার বিভিন্ন উৎপাদন কেন্দ্র ও মুম্বইয়ে সংস্থার সদর দপ্তরে, অ্যাকাউন্টস ও অডিট বিভাগে। দেড় বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন অ্যাকাউন্টসের জ্ঞান ও দক্ষতা অনুসারে স্টাইপেন্ড বছরে ৫ লক্ষ থেকে ১২ লক্ষ টাকা। ট্রেনিংয়ে সফল প্রার্থীদের বেতন হবে বছরে ৭ লক্ষ থেকে ১৪ লক্ষ টাকা। চার্টার্ড ও কস্ট অ্যাকাউন্ট্যান্টরা উচ্চ বেতনে চাকরিজীবন শুরু করবেন।

প্রার্থীর ফিনান্স, প্রত্যক্ষ ও পরোক্ষ কর, অডিট ও রিকনসিলিয়েশন, বাজেটিং, অ্যাকাউন্টিং কন্ট্রোল সিস্টেম প্রভৃতি সম্পর্কে জ্ঞান থাকতে হবে। উল্লেখ্য, হকিন্স নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় তথ্যপ্রযুক্তি সিস্টেম পরিচালনা করে।

লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ ও মেডিক্যাল টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। অনলাইন আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.hawkinscookers.com/ অনলাইন আবেদনে 'Reasons why I am interested in joining Hawkins' শিরোনামে প্রার্থীর নিজের হাতে লেখা ও স্বাক্ষরিত সর্বাধিক ২০০ শব্দের একটি নোট আপলোড করতে হবে। তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইটটি: https://www.hawkinscookers.com/

# কলকাতা বিমানবন্দরে কাস্টমার সার্ভিস কর্মী নেবে ইন্ডিগো
## ফ্রেশাররা আবেদনের যোগ্য

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতা বিমানবন্দরে কাস্টমার সার্ভিস ও এয়ারপোর্ট অপারেশনস কর্মী নেবে বিমান পরিবহণ সংস্থা ইন্ডিগো। যে-কোনও শাখার ফ্রেশ গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। পরিষেবামূলক কাজে অভিজ্ঞরাও আবেদনের যোগ্য। নিয়োগ হবে টার্মিনাল সার্ভিস, রাম্প সার্ভিস ও সিকিউরিটি বিভাগে।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন অ্যাসেসমেন্ট টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন অ্যাসেসমেন্ট টেস্টে থাকবে অঙ্কের ১০টি মাল্টিপল চয়েস প্রশ্ন, ২টি স্পিচ অ্যাসেসমেন্টের প্রশ্ন ও ২টি রিটেন অ্যাসেসমেন্ট-সংক্রান্ত প্রশ্ন। স্পিচ অ্যাসেসমেন্টে প্রতিটি প্রশ্নের 'অডিও' উত্তর করতে হবে। প্রতিটি উত্তর অন্তত ৪৫ সেকেন্ডের হতে হবে। অনলাইন অ্যাসেসমেন্টে সফল হলে ইন্টারভিউয়ের জন্য ডাক পাওয়া যাবে।

যত দ্রুত সম্ভব আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.goindigo.in/careers.html

## ন্যাশনাল হাইওয়েজ অথরিটিতে
# ৬০ ডেপুটি ম্যানেজার
## গেট-২০২৬ উত্তীর্ণ হয়ে থাকতে হবে

টেকনিক্যাল বিভাগে ৬০ জন ডেপুটি ম্যানেজার নেবে ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অব ইন্ডিয়া। এটি কেন্দ্রের রোড ট্রান্সপোর্ট অ্যান্ড হাইওয়েজ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীকে অবশ্যই গেট-২০২৬ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ২৬, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ওবিসি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৫। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। সেই সঙ্গে ২০২৬ সালের গেট পরীক্ষায় সিভিল ইঞ্জিনিয়ারিং পত্রে পাশ করে থাকতে হবে।

**বয়স:** ১৫-৬-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে গেট-২০২৬ পরীক্ষার সংশ্লিষ্ট পত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nhai.gov.in/ অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ জুন পর্যন্ত। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো, সই, মাধ্যমিকের সার্টিফিকেট, সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রির সার্টিফিকেট, গেট-২০২৬ স্কোর কার্ড, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা দৈহিক প্রতিবন্ধকতা বা প্রাক্তন সমরকর্মীর সার্টিফিকেট আপলোড করতে হবে।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিটের পর ইউনিক রেফারেন্স নম্বর-সহ অ্যাপ্লিকেশন অ্যাকনলেজমেন্টের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ট্রেনিং দিয়ে নেভিতে চাকরি

ট্রেনিং দিয়ে ১৫ জন এক্সিকিউটিভ নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। ট্রেনিং দেওয়া হবে স্পেশ্যাল ন্যাভাল ওরিয়েন্টেশন কোর্সে। নিয়োগ করা হবে শর্ট সার্ভিস কমিশনে, ইনফর্মেশন টেকনোলজি (এক্সিকিউটিভ ব্রাঞ্চ) এন্ট্রিতে। কেবল অবিবাহিত তরুণ-তরুণীরাই আবেদনের যোগ্য। প্রথমে ২ বছরের প্রবেশন। কোর্স শুরু হবে আগামী বছরের জানুয়ারি মাসে।

**শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, সফটওয়্যার সিস্টেমস, সাইবার সিকিউরিটি, সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড নেটওয়ার্কিং, কম্পিউটার সিস্টেমস অ্যান্ড নেটওয়ার্কিং, ডেটা অ্যানালিটিক্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স— যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক বা এম এসসি বা এম টেক। অথবা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বিসিএ বা বি এসসি-সহ এমসিএ ডিগ্রি। সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকে ইংরেজিতে ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। অন্তত 'বি' গ্রেড সহ এনসিসি 'সি' সার্টিফিকেটধারীরা ১-১-২০২৪ তারিখ বা তার পরে 'সি' সার্টিফিকেট পেয়ে থাকলে এবং অন্তত ২টি শিক্ষাবর্ষের জন্য ন্যাভাল বা আর্মি বা এয়ার উইংয়ে সিনিয়র ডিভিশনে অংশ নিয়ে থাকলে নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। **জন্মতারিখ:** ২-১-২০০২ থেকে ১-৭-২০০৭-এর মধ্যে হতে হবে। **মূল বেতন:** ৫৬,১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। ন্যাভাল ওরিয়েন্টেশন কোর্স পড়ানো হবে কেরলমের এঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে। কোর্সের মেয়াদ ৬ সপ্তাহ। তার পর ন্যাভাল শিপ অ্যান্ড ট্রেনিং এস্টাবলিশমেন্টে প্রফেশনাল ট্রেনিং হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ১ জুন। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র জেপিজি বা টিআইএফএফ ফর্ম্যাটে আপলোড করতে হবে। দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি ইন্টারভিউয়ের সময় প্রয়োজন হবে। খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বিজ্ঞান গবেষণা সংস্থায় চাকরি

বিভিন্ন পদে ৪০ জনকে নেবে মোহালির ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ। এটি কেন্দ্রের শিক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ হবে গ্রুপ 'এ', 'বি' ও 'সি' পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NF (03)/Regular/2026.

নিয়োগ হবে এই সব পদে: **গ্রুপ 'এ'**— সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, ডেপুটি রেজিস্ট্রার, ডেপুটি লাইব্রেরিয়ান, প্রিন্সিপ্যাল টেকনিক্যাল অফিসার, সিনিয়র টেকনিক্যাল অফিসার, অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল)। **গ্রুপ 'বি'**— সিনিয়র সুপারিন্টেন্ডেন্ট, লাইব্রেরি সুপারিন্টেন্ডেন্ট, সিনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, ফিজিক্যাল এডুকেশন ইনস্ট্রাক্টর, কাউন্সেলর, নার্স, জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল), জুনিয়র ট্রান্সলেটর (রাজভাষা)। **গ্রুপ 'সি'**— ফার্মাসিস্ট, জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট (অ্যাডমিনিস্ট্রেশন ও অ্যাকাউন্টস), অ্যাটেন্ড্যান্ট। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iisermohali.ac.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ জুন পর্যন্ত।

বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.iisermohali.ac.in

# কারেন্ট অ্যাফেয়ার্স

২৯ এপ্রিল-৫ মে

**২৯ এপ্রিল** ঘৃণাভাষণ নিয়ে একাধিক আর্জি খারিজ করল সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালত জানিয়েছে, বর্তমান ফৌজদারি আইনে এই অপরাধের মোকাবিলা করার যথেষ্ট ব্যবস্থা রয়েছে। ঘৃণাভাষণের বিরুদ্ধে ব্যবস্থা না নেওয়ায় বিভিন্ন রাজ্যের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে পেশ হয়েছিল আদালত অবমাননার আর্জি। কিন্তু তা খারিজ করে শীর্ষ আদালত জানিয়েছে, এক্ষেত্রে আইনসভার তৈরি আইনে কোনও ফাঁক নেই। তাই সংশ্লিষ্ট ব্যক্তিরা উপযুক্ত মঞ্চে এই অপরাধের বিরুদ্ধে পদক্ষেপ করতে পারেন।

## প্রথমবার ক্যারিবীয় সফরে গেলেন জয়শঙ্কর



৩ মে: প্রথমবার ক্যারিবীয় দ্বীপপুঞ্জ সফরে জামাইকা পৌঁছলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। সে দেশের শীর্ষনেতৃত্ব, ব্যবসায়ী মহল এবং প্রবাসী ভারতীয় প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন তিনি। ন'দিনের দীর্ঘ সফরে তিন ক্যারিবীয় দেশ জামাইকা, সুরিনাম এবং ত্রিনিদাদ ও টোবাগো রয়েছে বিদেশমন্ত্রীর সফরসূচিতে। বিদেশমন্ত্রক জানিয়েছে, এই সফরের লক্ষ্য হল জামাইকা, সুরিনাম এবং ত্রিনিদাদ ও টোবাগোর সঙ্গে ভারতের রাজনৈতিক সম্পর্ক আরও এগিয়ে নিয়ে যাওয়া। এই সফর সাউথ-সাউথ কো-অপারেশন বা অনুন্নত দেশগুলির মধ্যে পারস্পরিক সহযোগিতা বাড়াতে ভারতের দায়বদ্ধতাকে তুলে ধরছে বলে জানিয়েছে বিদেশমন্ত্রক।

**৩০ এপ্রিল** দেশ জুড়ে বাণিজ্যিক রান্নার গ্যাসের দাম নজিরবিহীন ভাবে বাড়ল। রাষ্ট্রায়ত্ত তেল সংস্থাগুলি জানাল ১ মে থেকে ১৯ কেজির এই এলপিজি সিলিন্ডার একলাফে ৯৯৪ টাকা বেড়ে হচ্ছে ৩,২০২ টাকা। ফলে অবধারিত-ভাবেই খরচ বাড়ছে হোটেল, রেস্তোরাঁ বা ছোট খাবার হোটেলগুলিতে। তবে গৃহস্থের হেঁশেলে ব্যবহারের ১৪.২ কেজির রান্না গ্যাস সিলিন্ডারের দাম অপরিবর্তিত আছে। কলকাতায় এই সিলিন্ডারের চলতি দাম ৯৩৯ টাকা। তবে শীঘ্রই তার দামও বাড়তে পারে বলে সংশ্লিষ্ট মহলের আশঙ্কা। এই নিয়ে চলতি বছরের জানুয়ারি থেকে মে মাস পর্যন্ত পাঁচ মাসে বাণিজ্যিক সিলিন্ডারের দাম ছ'বার বাড়ানো হয়েছে। এই সময়ের মধ্যে মোট দাম বৃদ্ধি পেয়েছে ১,৫২০ টাকা।

**আমেরিকা ভারতকে ৬৫৭টি** প্রত্নতাত্ত্বিক সামগ্রী ফেরত দিল। যার মূল্য প্রায় ১ কোটি ৪০ লক্ষ ডলার। ওইসব প্রাচীন সামগ্রী বিভিন্ন পাচার চক্র থেকে উদ্ধার করা হয়েছিল। নিউইয়র্কে ভারতীয় দূতাবাসের প্রতিনিধির উপস্থিতিতে এক অনুষ্ঠানে ওই সামগ্রীগুলি ফেরত দেওয়া হয়। তবে এখনও অনেক প্রত্নসামগ্রী ফেরত দেওয়া বাকি রয়েছে বলে জানিয়েছে আমেরিকা।

## পাঁচ রাজ্যে ফল, পশ্চিমবঙ্গে বিপুল জয় পেয়ে ক্ষমতায় বিজেপি



৪ মে: পশ্চিমবঙ্গ-সহ দেশের পাঁচ রাজ্যে বিধানসভা নির্বাচনের ফল বেরোল। পশ্চিমবঙ্গে প্রথমবার তৃণমূল কংগ্রেসকে ক্ষমতাচ্যুত করে বিজেপি এককভাবে ক্ষমতায় এল। পশ্চিমবঙ্গ ছাড়াও অসম এবং পুদুচেরিতে এনডিএ সরকার প্রতিষ্ঠা করতে সফল হয়েছে বিজেপি। কেরলে বামজোট ধরাশায়ী হয়ে ক্ষমতায় ফিরেছে কংগ্রেস নেতৃত্বাধীন ইউডিএফ। তামিলনাড়ুর বিধানসভা নির্বাচনে ক্ষমতাসীন ডিএমকে-কে হারিয়ে অভাবনীয় চমক দেখাল অভিনেতা থেকে রাজনীতিবিদ হওয়া তলপতি বিজয়ের নতুন দল তামিলাগা ভেট্রি কাজগম (টিভিকে)। মাত্র ১০টি আসনের জন্য ম্যাজিক সংখ্যা ১১৮ ছুঁতে না পারলেও কংগ্রেস এবং বাম দলগুলির বাইরে থেকে সমর্থনে টিভিকেই সরকার গড়ল। পশ্চিমবঙ্গে নির্বাচন হওয়া ২৯৩টি আসনের মধ্যে বিজেপি একাই ২০৭ আসনে জয়ী হয়েছে। ৮০টি কেন্দ্রে জয় পেয়েছে তৃণমূল। কংগ্রেস দু'টি, আমজনতা উন্নয়ন পার্টি দু'টি, সিপিআই (এম) এবং আইএসএফ একটি করে আসনে জয়লাভ করেছে।



"আমেরিকা-চিন সহযোগিতার মাধ্যমে শক্তি অর্জন করতে চায়, দ্বন্দ্বের পথে সব হারাতে চায় না।"

শি জিনপিং, *চিনের প্রেসিডেন্ট*
মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চিন সফর উপলক্ষে মৈত্রীর বার্তা দিয়ে

'রিপোর্টারস উইদাউট বর্ডারস'-এর সাম্প্রতিক সমীক্ষা-রিপোর্টে সংবাদ-মাধ্যমের স্বাধীনতার নিরিখে প্যালেস্টাইনও পিছনে ফেলেছে ভারতকে। ১৮০টি দেশের মধ্যে প্যালেস্টাইন রয়েছে ১৫৬তম স্থানে। ভারত রয়েছে ঠিক তার পরে ১৫৭ নম্বরে। নয়াদিল্লি অবশ্য বরাবরই এই সমীক্ষা পদ্ধতিকে অস্বচ্ছ বলে নস্যাৎ করে এসেছে। উল্লেখ্য, প্যালেস্টাইনে ক্রমাগত হিংসার শিকার হচ্ছেন সাংবাদিকেরা। তারপরেও গতবছরের সমীক্ষায় বলা হয়েছিল, সংবাদ-মাধ্যমের স্বাধীনতার প্রশ্নে রাশিয়ার থেকে ভালো অবস্থা প্যালেস্টাইনের। এবারে বলা হয়েছে ভারতের তুলনায় স্বাধীন তারা। শুধু প্যালেস্টাইন নয়, তাজিকিস্তান (১৫৫), লাওস (১৫৪), পাকিস্তান (১৫৩), বাংলাদেশ (১৫২) ও কাম্বোডিয়া (১৫১)-র থেকেও পিছিয়ে ভারত। তালিকায় ভারতের পিছনে রয়েছে মাত্র ২৩টি দেশ।

**১ মে** জবলপুরের বরগী বাঁধে রাজ্য সরকারের বিলাসবহুল তরী দুর্ঘটনায় ১৩ জনের মৃত্যু হল। ২৮ জন পর্যটককে জীবন্ত উদ্ধার করা হয়েছে। আগের দিন সন্ধ্যায় দুর্ঘটনাটি ঘটে। দুর্ঘটনার তদন্তের জন্য উচ্চপর্যায়ের কমিটি গঠন করেছে মধ্যপ্রদেশ সরকার। ক্রুজের চালক মহেশ পটেল, তার সাহায্যকারী এবং টিকিট বিক্রির দায়িত্বে থাকা ব্রিজেন্দ্রকে বরখাস্ত করা হয়েছে চাকরি থেকে। দুর্ঘটনার দিন ঝড়ের পূর্বাভাস থাকা সত্ত্বেও ক্রুজ চালানো এবং নিরাপত্তায় গাফিলতি বড়সড় প্রশ্ন তুলে দিয়েছে।

**২ মে** প্রসার ভারতীর চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হলেন গীতিকার ও লেখক প্রসূন জোশী। এদিন তথ্য ও সম্প্রচার মন্ত্রক এবিষয়ে বিজ্ঞপ্তি জারি করেছে। ২০১৭ সাল থেকে 'সেন্ট্রাল বোর্ড অব ফিল্ম সার্টিফিকেশন' (সিবিএফসি)-এর চেয়ারপার্সন হিসেবে দায়িত্বে ছিলেন প্রসূন। গতবছরের ডিসেম্বরে নবনীত কুমার সেহগাল প্রসার ভারতীর চেয়ারম্যানের পদ থেকে ইস্তফা দেন। তারপর থেকে পদটি খালিই ছিল।

**৩ মে** দিল্লির বিবেক বিহারে একটি চারতলা আবাসনে ভয়াবহ অগ্নিকাণ্ডে এক শিশু-সহ অন্তত ন'জনের অগ্নিদগ্ধ হয়ে মৃত্যু হল। দমকলের ১২ থেকে ১৪টি ইঞ্জিন প্রায় দু'ঘণ্টার চেষ্টায় আগুন আয়ত্তে আনে। ভবনটিতে অগ্নিনির্বাপক 'প্রিংকলার সিস্টেম' থাকলেও আগুনের তীব্রতা তা রুখতে পারেনি। দিল্লি পুলিশ অগ্নিকাণ্ডের প্রকৃত কারণ খুঁজে পেতে তদন্ত শুরু করেছে।

**আইপিএল প্রতিযোগিতা চলার** মাঝেই বিক্রি হয়ে গেল রাজস্থান রয়্যালস। প্রথমবারের আইপিএল জয়ী এই দলের মালিকানা কিনে নিলেন অনাবাসী ভারতীয় শিল্পপতি লক্ষ্মী মিত্তল। এদিন সরকারিভাবে এই চুক্তির কথা ঘোষণা করেছেন মিত্তল। প্রায় ১৫,৬৬০ কোটি টাকায় মালিকানা হস্তান্তর হয়েছে রাজস্থান রয়্যালসের। তবে দলের মালিকানা মিত্তল পরিবার এককভাবে কেনেনি। ৭৫ শতাংশ অংশীদারিত্ব রয়েছে তাদের। ১৮ শতাংশ নিয়েছেন আদর পুনাওয়ালা। রাজস্থানের পূর্বতন মালিক ভারতীয় বংশোদ্ভূত ব্রিটিশ ব্যবসায়ী মনোজ বাদালের হাতে আছে মালিকানার ৭ শতাংশ।

**৪ মে** তেহরানের অবরোধের জেরে হরমুজে আটকে পড়া বিভিন্ন দেশের বাণিজ্যিক জাহাজকে বার করে আনার ক্ষেত্রে বিশেষ অভিযান শুরু করলেন ট্রাম্প। যার নাম রাখা হয়েছে— 'প্রজেক্ট ফ্রিডম'। ইরানের পাঠানো ১৪ দফা প্রস্তাবে যে তিনি খুশি নন তা আগেই জানিয়েছিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এমন পরিস্থিতিতে মধ্যস্থতাকারী পাকিস্তানের মাধ্যমে ট্রাম্পের প্রতিক্রিয়া-পত্র তেহরানে পৌঁছেছে। তেহরান তার পর্যালোচনা করছে বলে জানা গিয়েছে। সেই সঙ্গে মার্কিন নৌসেনাকে হরমুজ থেকে দূরে থাকার পরামর্শ এবং ট্রাম্পের হুমকির 'কঠোর জবাব' দেওয়ার বার্তা দিয়েছে ইরান। সেদেশের 'রেভলিউশনারি গার্ড' (আইআরজিসি) জানিয়েছে, ইরানের সেনার সঙ্গে যোগাযোগ রাখলেই, হরমুজে নির্বিঘ্নে জাহাজ চলাচল সম্ভব।

**৫ মে** দ্বিতীয় বিশ্বযুদ্ধের ৮১তম বিজয় দিবস উপলক্ষে ইউক্রেনের বিরুদ্ধে সংঘর্ষবিরতির ঘোষণা করল রাশিয়া। সেইসঙ্গে ইউক্রেনকে সতর্ক করে মস্কো জানায়, বিজয় দিবসের সময় হামলার কোনও ষড়যন্ত্র করলে কিভের কেন্দ্রস্থলে পাল্টা ক্ষেপণাস্ত্র হামলা চালানো হবে। অন্যদিকে, ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কিও ৫ ও ৬ মে-র মধ্যবর্তী রাত ১২টা থেকে সংঘর্ষবিরতি ঘোষণা করেছেন। মানুষের জীবন উৎসবের চেয়ে বেশি মূল্যবান বলে উল্লেখ করে জেলেনস্কির বার্তা, রাশিয়াকে যুদ্ধ পুরোপুরি বন্ধের জন্য অবিলম্বে পদক্ষেপ করতে হবে।

**পশ্চিমবঙ্গে অষ্টাদশ বিধানসভা** নির্বাচনের ফল প্রকাশের পরেও বিজেপির সঙ্গে সংঘাতের রাস্তাই নিলেন তৃণমূল নেত্রী। গণনা ও ভোটের ফল নিয়ে নানা অভিযোগ করে এবারের নির্বাচনে তৃণমূল কংগ্রেসের পরাজয়কে অস্বীকার করলেন মমতা বন্দ্যোপাধ্যায়। রীতি মেনে রাজ্যপালের কাছে ইস্তফাপত্রও দেননি তিনি। তবে বিদায়ী মুখ্যমন্ত্রী রীতি মেনে ইস্তফা না দিলেও আইনজ্ঞরা জানালেন, মুখ্যমন্ত্রী আনুষ্ঠানিকভাবে পদত্যাগ না-করলেও বিদায়ী সরকার ও বিধানসভার মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরে গোটা মন্ত্রিসভারই অস্তিত্ব থাকবে না।

২০১১ সালের বিধানসভা ভোটের মতোই রাজ্যে পালাবদলের পরে অশান্তির চেনা ছবিই সামনে এল। তৃণমূল ও বিজেপির মোট চারজন কর্মী খুনের অভিযোগ উঠেছে। রাজনৈতিক সংঘর্ষ সামলাতে গিয়ে গুলিবিদ্ধ হয়েছেন ন্যাজাট থানার ওসি-সহ দুই পুলিশ কর্মীও। নির্বাচনী সাফল্যের পর বিজেপির রাজ্য নেতৃত্ব বার বার শান্তি বজায় রাখার বার্তা দিয়েছেন। কিন্তু রাজনৈতিক শিবিরের একাংশের বক্তব্য, সেই বার্তা নিচুতলায় কতটা বাস্তবায়িত হচ্ছে, তা নিয়ে সংশয় রয়েছে।

## পুলিৎজারে জয়ী দুই ভারতীয়



৪ মে: এবছরের পুলিৎজার পুরস্কার ঘোষণা করল কলম্বিয়া বিশ্ববিদ্যালয়। পুরস্কারের একাধিক বিভাগে সম্মানিত হয়েছেন ভারতীয় সাংবাদিক ও শিল্পীরা। সচিত্র প্রতিবেদন ও ভাষ্য (ইলাস্ট্রেটেড রিপোর্টিং অ্যান্ড কমেন্ট্রি) বিভাগে পুরস্কৃত ব্লুমবার্গের দলে আছেন আনন্দ আর কে ও সুপর্ণা শর্মা। আন্তর্জাতিক প্রতিবেদন (ইন্টারন্যাশনাল রিপোর্টিং) বিভাগে পুরস্কৃত হয়েছেন অ্যাসোসিয়েটেড প্রেসের (এপি) অনুসন্ধানী দল। পুলিৎজারজয়ী ব্লুমবার্গের সচিত্র প্রতিবেদন 'ট্র্যাপড'-এ সুপর্ণা, আনন্দ ও নাটালি ওবিকো পিয়ারসন দেখিয়েছেন কীভাবে দৈনন্দিন ব্যবহারের স্মার্টফোনের সাধারণ একটি অ্যাপ অজান্তেই হয়ে উঠছে ফাঁদ। অন্যদিকে মোবাইল ফোন বা রাস্তার নজরদারি ক্যামেরা থেকে সর্বক্ষণ চলা 'অদৃশ্য নজরদারি'র ছবিই সামনে এনেছেন এপি-র সাংবাদিকরা। তাঁদের কাজ দেখিয়েছে, সাইবার অপরাধী থেকে রাষ্ট্রীয় নজরদারি— ডিজিটাল যুগে ব্যক্তিগত পরিসর আজ কতটা বিপন্ন।

## ট্রু কলারের দাবি, ভুয়ো কলে বিশ্বে পঞ্চম ভারত




৫ মে: প্রযুক্তি নির্ভর প্রতারণার নিরিখে বিশ্বের প্রথম সারির পাঁচটি দেশের তালিকায় পঞ্চম স্থানে ঠাঁই হল ভারতের। সমীক্ষায় প্রকাশ, ভারত বিশ্বের পঞ্চম দেশ যেখানে সবচেয়ে বেশি ভুয়ো এবং অবাঞ্ছিত কলের মুখে পড়তে হয় সাধারণ মানুষকে। এই তালিকার প্রথম চারটি দেশ হল ইন্দোনেশিয়া, চিলি, ভিয়েতনাম এবং ব্রাজিল। বিশ্বজুড়ে নিজেদের ৫০ কোটি গ্রাহককে নিয়ে এই সমীক্ষা চালিয়েছিল অজানা টেলিফোন নম্বর সনাক্তকারী এবং ভুয়ো নম্বর নির্ধারণকারী অ্যাপ, ট্রু কলার। তারা বলেছে, গতবছরে (২০২৫) ৬,৮০০ কোটি ভুয়ো এবং প্রতারণামূলক ফোনকল তারা চিহ্নিত করেছে। ভারতে প্রায় ৬৬ শতাংশ গ্রাহকের ফোনেই এই ধরনের কল আসে।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## উচ্চ মাধ্যমিকের পরে পারফর্মিং আর্ট

**নিজস্ব প্রতিনিধি:** উচ্চ মাধ্যমিকের পরে অনেকেই গতানুগতিক বিষয় ছেড়ে উচ্চশিক্ষার জন্য বেছে নিচ্ছেন নাচ, গান, নাটকের মতো বিষয় বা পারফর্মিং আর্ট। গবেষণার পরিসরও এই বিষয়ের ক্ষেত্রে অনেকটাই বেশি। উচ্চ শিক্ষায় কদর বাড়ছে পারফর্মিং আর্টস-এর! এখন তো চিকিৎসা বিজ্ঞান পারফর্মিং আর্টস থেরাপির সাহায্যে বহু রোগ নিরাময়ের পথের সন্ধান পেয়েছে। গবেষণায় পাওয়া গিয়েছে রোগ নিরাময়ের জন্য ওষুধের পাশাপাশি, সঙ্গীত, নাচ, নাটক বা অন্য বেশ কিছু শিল্পমাধ্যম বহু অসুখ থেকে আরোগ্য দিতে পারছে। বিজ্ঞান, কলা অথবা বাণিজ্য যে কোনও বিভাগের উচ্চ মাধ্যমিক পাশ করার পরে উচ্চ শিক্ষার জন্য বিষয় হিসেবে নেওয়া যায় পারফর্মিং আর্ট। বিশেষজ্ঞেরা বলছেন পারফর্মিং আর্টস নিয়ে পড়ার পর চাকরির ক্ষেত্র বাড়ছে। পশ্চিমবঙ্গে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় এবং প্রেসিডেন্সিতে পারফর্মিং আর্টস নিয়ে পড়াশোনা করা যায়।

**রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়:** রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের পারফর্মিং আর্টসের মধ্যে নাচ, নাটক, রবীন্দ্রসঙ্গীত, কণ্ঠসঙ্গীত, যন্ত্রসঙ্গীত-সহ নানা বিষয় পড়ানো হয়। ভর্তির জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। এছাড়া এই বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তীর্ণ পড়ুয়াদের পারফর্মিং আর্টস থেরাপিতে পিজি ডিপ্লোমা এবং অ্যাডভান্সড ডিপ্লোমা পড়ার সুযোগ আছে।

**বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়:** বিশ্বভারতীতে ভর্তি হতে গেলে কমন ইউনিভার্সিটি এন্ট্রান্স টেস্ট (কুয়েট) পাশ করতে হবে। তারপরও প্রয়োজন অনুযায়ী বিশ্ববিদ্যালয়ে প্রবেশিকা পরীক্ষা হয়। সেখানে উত্তীর্ণ হলেই মেধাতালিকার ভিত্তিতে ভর্তি নেওয়া হয়। বিশ্বভারতী-তে স্নাতক বা স্নাতকোত্তর যে কোনও কোর্স চলাকালীনই ইন্টার্নশিপ করতে হয় ছাত্র-ছাত্রীদের।

**প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়:** প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে থিয়োরি এবং প্র্যাক্টিক্যাল আলদা ভাবে পড়ানো হয়। পারফর্মিং আর্টসের মধ্যে মিডিয়ার কী প্রভাব পড়ছে, সিনেমাটোগ্রাফি, পারফর্মিং টেকনোলজি ইত্যাদি পড়ানো হয়।

# কী শিখবেন, কোথায় শিখবেন

## রামকৃষ্ণ মিশনে ব্যবসামুখী প্রশিক্ষণ

**নিজস্ব সংবাদদাতা:** এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর এবং ওয়াশিং মেশিন মেরামতি ও রক্ষণাবেক্ষণের কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশনের বেলুড় মঠের জনশিক্ষা মন্দির। প্রশিক্ষণ শেষে ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (এন এস ডি সি)-এর সার্টিফিকেট প্রদান করা হবে। কোর্সের মেয়াদ ৬ মাস।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সপ্তাহে ৩ দিন ক্লাস— সোম, মঙ্গল ও বুধবার দুপুর ১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত। কোর্স ফি: ১০,০০০ টাকা।

আগে এলে আগে সুযোগের ভিত্তিতে প্রার্থীদের ভর্তি নেওয়া হবে। ভর্তির আবেদনপত্র পাওয়া যাবে রামকৃষ্ণ মিশনের বেলুড় মঠের জনশিক্ষা মন্দিরের অফিসে। ভর্তির সময়ে সঙ্গে লাগবে: ২ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো, আধার কার্ডের নকল, মাধ্যমিকের অ্যাডমিট কার্ড ও মার্কশিটের নকল এবং কোর্স অনুযায়ী ফি। ভর্তির শেষ তারিখ জানানো হয়নি। দ্রুত আবেদন করুন। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: ০৩৩ ২৬৫৪-১১৪৫, ৭৪৭৮৪৮৭৬৬৩।


NIVEE PROPERTY
BRINGING QUALITY TO LIFE
নিভি প্রপার্টি ডেভেলপার্স প্রাইভেট লিমিটেড, হায়দরাবাদ ভিত্তিক সুপ্রতিষ্ঠিত আবাসন নির্মাণ কোম্পানি এবং একটি বৃহৎ ও প্রখ্যাত শিল্পগোষ্ঠীর অংশ, তাদের হায়দরাবাদ জুড়ে চালু হাই-রাইস আবাসিক প্রকল্পগুলির জন্য নিম্নলিখিত কর্মী নিয়োগ করছে:
কার্পেন্টার / শাটারিং মিস্ত্রি ▪ বার বেন্ডার্স
▪ রাজমিস্ত্রি ▪ অদক্ষ শ্রমিক
শিল্পক্ষেত্রের সেরা মান অনুযায়ী দফাভিত্তিক পারিশ্রমিক, সঙ্গে বিনামূল্যে খাবার ও উপযুক্ত থাকার ব্যবস্থা করা হবে।
▪ লেবার রিসোর্স মোবিলাইজেশন ম্যানেজার
শিল্পক্ষেত্রের সেরা মান অনুযায়ী আকর্ষণীয় বেতন।
আগ্রহী ব্যক্তিরা অবিলম্বে যোগাযোগ করুন:
৯০১০০ ৬৬৭৭৭ / ৯০১০০ ০০৭৩৭
অথবা জীবনপঞ্জি মেল করুন এইখানে:
hr@niveeproperty.com



ENROLL NOW ADMISSION OPEN
ENROLL NOW ADMISSION OPEN
ELITTE
ELITTE INSTITUTE OF ENGG. & MGMT.
AN ISO 9001 : 2015 CERTIFIED POLYTECHNIC INSTITUTE (APPROVED BY AICTE & AFFILIATED TO WBSCTVE&SD) www.elem.ac.in
DIPLOMA
ME | CE | EE | ETCE CST | AE
for DIPLOMA 1ST YEAR MERITORIOUS STUDENTS - 1st Come 1st Serve Basis ELIGIBILITY : 50% or above in Class 10 Board Exam or Any Rank in JEXPO. IRRESPECTIVE OF BRANCHES
SCHOLARSHIP 1st 100 Seats DIPLOMA 1ST YEAR
SCHOLARSHIP 1st 50 Seats DIPLOMA 2ND YEAR
for DIPLOMA 2ND YEAR MERITORIOUS STUDENTS - 1st Come 1st Serve Basis ELIGIBILITY : 50% or above in ITI / Vocational / Class 12 Board Exam in Science or VOCLET Rank. IRRESPECTIVE OF BRANCHES
ELITTE PVT. INDUSTRIAL TRAINING INSTITUTE
(ITI COLLEGE) AFFILIATED TO NCVT, GOVERNMENT OF INDIA
www.epili.ac.in
ITI : FITTER & ELECTRICIAN
PLACEMENT PARTNERS
TOTAL CANDIDATES PLACED : 410+
TOTAL COMPANIES : 80+
FACILITIES
STATE LEVEL SCHOLARSHIP
Swami Vivekananda Scholarship(SVMCM)
Aikyashree Scholarship
OASIS scholarship (SC/ST/OBC AND MINORITY)
CENTRAL LEVEL SCHOLARSHIP
NSP Scholarship
9831500840 / 9163316560 / 63 / 8336917478
City Office : 52A Indian Mirror Street, 1st floor, opposite GD Hospital, Taltala, Kolkata 700013.
Campus : Kamamadhabpur, Ghola, Sodepur, Kolkata - 700 113. Enquiry E-Mail for Admission : info.ece2015@gmail.com



ADMISSIONS OPEN 2026-27

LOOKING FOR THE RIGHT SCHOOL?
Strong acdemics. Values. All-round growth.
A trusted ICSE/ISC school for generations
NURSERY TO CLASS XII
APPLY NOW
JULIEN DAY SCHOOLS
Established 1969
KOLKATA | GANGANAGAR | KALYANI | HOWRAH
www.juliendayschool.org



JAYPEE INSTITUTE OF INFORMATION TECHNOLOGY
(Deemed to be University)
A-10, Sector 62, Noida, Gautam Buddh Nagar-201 309 (U.P.)
AICTE Approved | UGC Approved | NAAC and NBA Accredited | NIRF Ranked
YEARS OF LEGACY 25
ACROSS THE WORLD, EVERY PLACE HOLDS A JIIT ALUMNI STORY

JIIT ALUMNI. GLOBAL IMPACT. UNMATCHED SCALE.
20000+ GLOBAL ALUMNI NETWORK
2000+ OUTSIDE INDIA
50+ AI ENTREPRENEURS
FORBES 30 UNDER 30
5 ALUMNI IN LAST 5 YEARS
PLACEMENTS 2026 BATCH
₹94.25 LAKHS Highest Package
₹11.13 LAKHS Average Package
90% STUDENTS PLACED ALREADY (Participating in Placement Drives)
As on 1st May 2026
300+ RECRUITERS
LinkedIn Google Microsoft amazon ATLASSIAN zomato & MANY MORE
ADMISSIONS OPEN 2026
ROUND-1
10+2 Marks Based Counselling : 3rd June 2026
For Application Received upto : 28th May 2026
APPLY NOW
OUR PROGRAMS
BTech | Integrated MTech | BBA | BCom | BCA
| BSc | MCA | MDes | MTech | MSc | MBA | PhD
OPEN HOUSE Scan to Register
+91-9999962128, 9999912862 | admission@mail.jiit.ac.in | www.getadmissions.com | www.jiit.ac.in

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. Fill in the blank with the correct preposition:
He is blind ____ his own faults.
(a) with (b) to (c) of (d) by
2. Choose the correct one-word substitution for:
A person who hates mankind.
(a) Philanthropist (b) Misogynist (c) Misanthrope (d) Misogamist
3. What is the synonym of the word 'Ebullient'?
(a) Calm (b) Enthusiastic (c) Tired (d) Grumpy
4. Select the correct phrasal verb to fill in the blank:
The meeting was ____ due to the strike.
(a) called off (b) called on (c) called up (d) called for
5. Choose the correct meaning of the idiom:
To smell a rat.
(a) To detect a foul smell (b) To be very observant (c) To suspect a trick or deceit (d) To chase a rodent
6. Find the antonym of 'Ephemeral'.
(a) Eternal (b) Short-lived (c) Fictional (d) Transparent
7. Fill in the blank with the appropriate word:
An _____ person is one who is full of energy.
(a) indolent (b) energetic (c) lethargic (d) overt
8. Choose the correct collective noun:
A ____ of lions.
(a) pack (b) swarm (c) pride (d) herd
9. Identify the correct spelling:
(a) Maintenance (b) Maintainance (c) Maintenence (d) Maintanence
10. 'Philatelist' is a person who:
(a) Collects coins (b) Collects stamps (c) Studies stars (d) Loves books
11. Fill in the blank:
I have been living here ___ 2010.
(a) for (b) since (c) from (d) during
12. Select the synonym of 'Candid'.
(a) Hidden (b) Honest (c) Sweet (d) Vague
13. Change the voice:
The chef prepared a delicious meal.
(a) A delicious meal is prepared by the chef (b) A delicious meal was prepared by the chef (c) A delicious meal has been prepared by the chef (d) A delicious meal was being prepared by the chef
14. What is the diminutive form of 'Cat'?
(a) Calf (b) Kitten (c) Puppy (d) Cub
15. Choose the correct meaning of the idiom:
Bolt from the blue.
(a) A thunderstorm (b) A lucky break (c) An unexpected disaster (d) A blue-colored weapon
16. Fill in the blank:
He is an _____ in his field.
(a) eminent (b) imminent (c) immanent (d) emanate
17. Give the one-word substitution for:
'A place where bees are kept'.
(a) Aviary (b) Aquarium (c) Apiary (d) Zoo
18. Select the correct antonym of 'Obscure'
(a) Clear (b) Dark (c) Vague (d) Hidden
19. Fill in the blank: Neither of the two brothers ____ present.
(a) were (b) was (c) are (d) have been
20. Use the correct phrasal verb:
I cannot _____ your rude behaviour anymore.
(a) put up with (b) put out (c) put off (d) put across
21. Identify the correct sentence:
(a) I prefer tea than coffee (b) I prefer tea to coffee (c) I prefer tea over coffee (d) I prefer tea more than coffee
22. A person who writes the story of his own life is called:
(a) Biographer (b) Cartographer (c) Autobiographer (d) Calligrapher
23. Fill in the blank:
Bread and butter ____ my favourite breakfast.
(a) are (b) were (c) is (d) have been
24. Choose the synonym for 'Abundant'.
(a) Scanty (b) Plentiful (c) Rare (d) Tiny
25. Select the correct preposition:
She is proficient ___ English.
(a) at (b) in (c) with (d) for
26. হরপ্পা সভ্যতার কোন স্থানে 'ডক-ইয়ার্ড' বা পোতাশ্রয় আবিষ্কৃত হয়েছে?
(a) কালিবঙ্গান (b) রোপার (c) লোথাল (d) ওয়ালি
27. গৌতম বুদ্ধ কোথায় তাঁর প্রথম ধর্মোপদেশ প্রচার করেন?
(a) কুশিনগর (b) বুদ্ধগয়া (c) পাটলিপুত্র (d) সারনাথ
28. কোন গুপ্ত রাজাকে 'ভারতের নেপোলিয়ন' বলা হয়?
(a) প্রথম চন্দ্রগুপ্ত (b) সমুদ্রগুপ্ত (c) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (d) কুমারগুপ্ত
29. 'ইন্ডিকা' গ্রন্থটি কে রচনা করেছিলেন?
(a) ফা-হিয়েন (b) হিউয়েন সাং (c) মেগাস্থিনিস (d) অল-বিরুনি
30. আর্যদের প্রাচীনতম গ্রন্থ কোনটি?
(a) ঋগ্বেদ (b) সামবেদ (c) যজুর্বেদ (d) অথর্ববেদ
31. রাজতরঙ্গিণী থেকে আমরা কোন অঞ্চলের ইতিহাস জানতে পারি?
(a) গুজরাট (b) বাংলা (c) কাশ্মীর (d) রাজস্থান
32. নালন্দা বিশ্ববিদ্যালয় কে ধ্বংস করেছিলেন?
(a) মহম্মদ ঘুরি (b) বখতিয়ার খলজি (c) সুলতান মামুদ (d) ইলতুৎমিস
33. দিল্লির সুলতানি সাম্রাজ্যের প্রকৃত প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) ইলতুৎমিস (b) কুতুবউদ্দিন আইবক (c) গিয়াসউদ্দিন বলবন (d) আলাউদ্দিন খলজি
34. কোন সুলতানকে 'পাগলা রাজা' বলা হয়?
(a) ফিরোজ শাহ তুঘলক (b) মহম্মদ বিন তুঘলক (c) গিয়াসউদ্দিন তুঘলক (d) সিকান্দার লোদি
35. বিজয়নগর সাম্রাজ্যের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন?
(a) প্রথম হরিহর (b) প্রথম দেবরায় (c) কৃষ্ণদেব রায় (d) সদাশিব রায়
36. পানিপথের প্রথম যুদ্ধ কত সালে হয়েছিল?
(a) 1526 খ্রিস্টপূর্বাব্দে (b) 1526 খ্রিস্টাব্দে (c) 1556 খ্রিস্টাব্দে (d) 1761 খ্রিস্টাব্দে
37. কোন মুঘল সম্রাট 'দীন-ই-ইলাহি' প্রবর্তন করেন?
(a) বাবর (b) হুমায়ুন (c) আকবর (d) শাহজাহান
38. শিবাজির রাজ্যাভিষেক কোথায় হয়েছিল?
(a) পুনে (b) রায়গড় (c) কোঙ্কন (d) সুরাট
39. 'আইন-ই-আকবরি' গ্রন্থের রচয়িতা কে?
(a) ফৈজি (b) বদায়ুনি (c) আবুল ফজল (d) গুলবদন বেগম
40. তালিকোটার যুদ্ধ কত সাল সংঘটিত হয়?
(a) 1556 (b) 1565 (c) 1571 (d) 1576
41. 'জিয়াউদ্দিন বারনি' কোন গ্রন্থের রচয়িতা ছিলেন?
(a) কিতাব-উল-হিন্দ (b) তারিখ-ই-ফিরোজশাহী (c) তবাকৎ-ই-নাসিরি (d) তুঘলকনামা
42. আলেকজান্ডার কত খ্রিস্টপূর্বাব্দে ভারত আক্রমন করেন?
(a) 320 (b) 327-326 (c) 325 (d) 300
43. কনিষ্কের রাজধানী কোথায় ছিল?
(a) পুরুষপুর বা পেশোয়ার (b) মথুরা (c) পাটলিপুত্র (d) কনৌজ
44. বিখ্যাত সাঁচি স্তূপ কে নির্মাণ করেন?
(a) চন্দ্রগুপ্ত মৌর্য (b) বিম্বিসার (c) অশোক (d) পুষ্যমিত্র শুঙ্গ
